২৩২। **ভারতীয় মুদ্রা মেকীকরণ**—যেকেহ ভারতীয় মুদ্রা মেকি করে বা জ্ঞানতঃ ভারতীয় মুদ্রা মেকীকরণ প্রক্রিয়ার কোন অংশ সম্পাদন করে, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৩৩। **মুদ্রা মেকীকরণের জন্য সাধিত্র প্রস্তুতকরণ বা বিক্রয়করণ**—যেকেহ কোন ছাঁচ বা সাধিত্র, মুদ্রা মেকীকরণের প্রয়োজনার্থে ব্যবহৃত হইবার উদ্দেশ্যে, অথবা উহা যে তদুদ্দেশ্যে ব্যবহৃত হইবার জন্য অভিপ্রেত তাহা জানিয়াও বা বিশ্বাস করিবার কারণ থাকিতেও, প্রস্তুত করে বা মেরামত করে অথবা প্রস্তুত বা মেরামত করণার্থ প্রক্রিয়ার কোন অংশ সম্পাদন করে, অথবা ক্রয় করে, বিক্রয় করে বা উহার বিলিব্যবস্থা করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৩৪। **ভারতীয় মুদ্রা মেকীকরণের জন্য সাধিত্র প্রস্তুতকরণ বা বিক্রয়করণ**—যেকেহ কোন ছাঁচ বা সাধিত্র, ভারতীয় মুদ্রা মেকীকরণের প্রয়োজনার্থে ব্যবহৃত হইবার উদ্দেশ্যে, অথবা উহা যে তদুদ্দেশ্যে ব্যবহৃত হইবার জন্য অভিপ্রেত তাহা জানিয়াও বা বিশ্বাস করিবার কারণ থাকিতেও, প্রস্তুত করে বা মেরামত করে অথবা প্রস্তুত বা মেরামত করণার্থ প্রক্রিয়ার কোন অংশ সম্পাদন করে অথবা ক্রয় করে, বিক্রয় করে বা উহার বিলিব্যবস্থা করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৩৫। **মুদ্রা মেকীকরণের জন্য ব্যবহার করিবার উদ্দেশ্যে সাধিত্র বা উপাদান দখলে রাখা**—যেকেহ কোন সাধিত্র বা উপাদান মুদ্রা মেকীকরণের জন্য ব্যবহার করিবার উদ্দেশ্যে অথবা উহা যে তদুদ্দেশ্যে ব্যবহৃত হইবার জন্য অভিপ্রেত তাহা জানিয়াও বা বিশ্বাস করিবার কারণ থাকিতেও দখলে রাখে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে ;

**যদি তাহা ভারতীয় মুদ্রা হয়**—এবং মেকীকরণের মুদ্রা যদি ভারতীয় মুদ্রা হয়, তাহা হইলে, দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৩৬। **ভারতের বাহিরে মুদ্রা মেকীকরণে ভারতের মধ্যে অপসহায়তা করা**—যেকেহ ভারতের মধ্যে থাকিয়া ভারতের বাহিরে মুদ্রা মেকীকরণে অপসহায়তা করে, সে একই প্রণালীতে দণ্ডিত হইবে যেন সে ভারতের মধ্যেই ঐরূপ মুদ্রা মেকীকরণে অপসহায়তা করিয়াছিল।

২৩৭। **মেকী মুদ্রার আমদানি বা রপ্তানি করা**—যেকেহ কোন মেকী মুদ্রা, উহা যে মেকী তাহা জানিয়া বা বিশ্বাস করিবার কারণ থাকিতে, ভারতে আমদানি করে বা ভারত হইতে রপ্তানি করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৩৮। **মেকী ভারতীয় মুদ্রার আমদানি বা রপ্তানি**—যেকেহ কোন মেকী মুদ্রা, যাহা মেকী ভারতীয় মুদ্রা বলিয়া সে জানে বা তাহার বিশ্বাস করিবার কারণ থাকে তাহা, ভারতে আমদানি করে বা ভারত হইতে রপ্তানি করে, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৩৯। এরূপ মুদ্রার অর্পণ যাহা মেকী এই জ্ঞানে দখলে আছে**—যেকেহ, কোন মেকী মুদ্রা পাইয়া, যাহা সে, উহার দখল পাইবার সময়ে মেকী বলিয়া জানিত তাহা, প্রতারণাপূর্বক বা প্রতারণা সংঘটিত হইতে পারে এই অভিপ্রায়ে, কোনও ব্যক্তিকে অর্পণ করে বা কোনও ব্যক্তিকে উহা লইবার জন্য প্ররোচিত করিতে প্রচেষ্টা করে, সে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৪০। এরূপ ভারতীয় মুদ্রার অর্পণ যাহা মেকী এই জ্ঞানে দখলে আছে**—যেকেহ কোন মেকী মুদ্রা পাইয়া, যাহা মেকী ভারতীয় মুদ্রা এবং যাহা সে উহার দখল পাইবার সময়ে মেকী ভারতীয় মুদ্রা বলিয়া জানিত তাহা, প্রতারণাপূর্বক বা প্রতারণা সংঘটিত হইতে পারে এই অভিপ্রায়ে, কোনও ব্যক্তিকে অর্পণ করে বা কোনও ব্যক্তিকে উহা লইবার জন্য প্ররোচিত করিতে প্রচেষ্টা করে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৪১। আসল বলিয়া এরূপ মুদ্রার অর্পণ যাহা, প্রথম যখন উহার দখল পাওয়া গিয়াছিল তখন, অর্পণকারী মেকী বলিয়া জানিত না**—যেকেহ অন্য কোন ব্যক্তিকে কোন মেকী মুদ্রা, যাহা সে মেকী বলিয়া জানে কিন্তু যাহা সে যখন দখলে লইয়াছিল সেই সময় মেকী বলিয়া জানিত না তাহা, আসল বলিয়া অর্পণ করে অথবা অন্য কোন ব্যক্তিকে উহা আসল বলিয়া লইবার জন্য প্ররোচিত করিতে প্রচেষ্টা করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা মেকীকৃত মুদ্রার মূল্যের দশ গুণ পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ কোন অর্থপরিমাণের জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

দৃষ্টান্ত

ক, জনৈক মুদ্রাকারক, তাহার দুষ্কৃতি-সঙ্গী খ-কে মেকী কোম্পানি—টাকা চালাইবার উদ্দেশ্যে, অর্পণ করে। খ ঐ টাকা অপর এক মুদ্রাচালক গ-কে বিক্রয় করে, সে উহা মেকী জানিয়া ক্রয় করে। গ ঘ-কে মালের জন্য পরিশোধে ঐ টাকা প্রদান করে, যে উহা মেকী বলিয়া না জানিয়া গ্রহণ করে। ঘ, ঐ টাকা গ্রহণ করিবার পর, আবিষ্কার করে যে ঐ টাকা মেকী এবং ঐগুলি এরূপে পরিশোধে প্রদান করিয়া দেয় যেন ঐগুলি আসল টাকা। এস্থলে ঘ কেবল এই ধারা অনুযায়ী দণ্ডনীয় হইবে কিন্তু খ ও গ ২৩৯ ধারা বা স্থলবিশেষে, ২৪০ ধারা অনুযায়ী দণ্ডনীয় হইবে।

**২৪২। এরূপ ব্যক্তি কর্তৃক মেকী মুদ্রার দখল যে, উহা যখন সে দখলে লইয়াছিল তখন, উহা মেকী বলিয়া জানিত**—যেকেহ মেকী মুদ্রা, ঐরূপ মুদ্রা যে মেকী ছিল তাহা, যে সময়ে উহা সে দখলে লইয়াছিল সেই সময়ে, জ্ঞাত থাকিয়া প্রতারণাপূর্বক বা প্রতারণা সংঘটিত হইতে পারে এই অভিপ্রায়ে দখলে রাখে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৪৩। এরূপ ব্যক্তি কর্তৃক ভারতীয় মুদ্রার দখল যে, উহা যখন সে দখলে লইয়াছিল তখন, উহা মেকী বলিয়া জানিত**—যেকেহ মেকী মুদ্রা, যাহা কোন মেকী ভারতীয় মুদ্রা ঐরূপ মুদ্রা যে মেকী ছিল তাহা, যে সময়ে উহা সে দখলে লইয়াছিল সেই সময়ে জ্ঞাত থাকিয়া প্রতারণাপূর্বক বা প্রতারণা সংঘটিত হইতে পারে এই অভিপ্রায়ে দখলে রাখে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৪৪। টাকশালে নিয়োজিত যে ব্যক্তি মুদ্রাকে বিধিদ্বারা স্থিরীকৃত ওজন বা মিশ্রণ হইতে ভিন্ন ওজনের বা মিশ্রণের করায়**—যেকেহ, ভারতে বিধিসম্মতভাবে স্থাপিত কোন টাকশালে নিয়োজিত হইয়া, ঐ টাকশাল হইতে নির্গমিত কোন মুদ্রা, বিধি দ্বারা উহার যে ওজন বা মিশ্রণ স্থিরীকৃত আছে তাহা হইতে ভিন্ন ওজনের বা মিশ্রণের হউক এই অভিপ্রায়ে, কোন কার্য করে বা সে যাহা করিতে বিধিগতভাবে বাধ্য তাহা করিতে অকৃতি করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৪৫। টাকশাল হইতে মুদ্রা বানাইবার সাধিত্র বিধিবিরুদ্ধভাবে লওয়া**—যেকেহ, ভারতে বিধিসম্মতভাবে স্থাপিত কোন টাকশাল হইতে মুদ্রা বানাইবার কোন সাধনী বা সাধিত্র, বিধিসম্মত প্রাধিকার ব্যতিরেকে, বাহির করিয়া লয়, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৪৬। প্রতারণাপূর্বক বা অসাধুভাবে মুদ্রার ওজন করা বা মিশ্রণ পরিবর্তিত করা**—যেকেহ প্রতারণাপূর্বক বা অসাধুভাবে, কোন মুদ্রার উপর এরূপ কোন ক্রিয়া সম্পাদন করে যাহা ঐ মুদ্রার ওজন হ্রাস করে বা উহার মিশ্রণ পরিবর্তিত করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা**—যে ব্যক্তি মুদ্রার কোন অংশ কুদিয়া বাহির করিয়া দেয় এবং ঐ গর্তে অন্য যেকোন কিছু পুরিয়া দেয়, সে ঐ মুদ্রার মিশ্রণ পরিবর্তিত করে।

**২৪৭। প্রতারণাপূর্বক বা অসাধুভাবে ভারতীয় মুদ্রার ওজন হ্রাস করা বা মিশ্রণ পরিবর্তিত করা**—যেকেহ, প্রতারণাপূর্বক বা অসাধুভাবে, কোন ভারতীয় মুদ্রার উপর এরূপ কোন ক্রিয়া সম্পাদন করে যাহা ঐ মুদ্রার ওজন হ্রাস করে বা উহার মিশ্রণ পরিবর্তিত করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৪৮। এই অভিপ্রায়ে মুদ্রার রূপ পরিবর্তিত করা যাহাতে উহা ভিন্ন প্রকারের মুদ্রারূপে চলিবে**—যেকেহ, কোন মুদ্রার উপর এরূপ কোন ক্রিয়া, যাহা ঐ মুদ্রার রূপ পরিবর্তিত করে তাহা, এই অভিপ্রায়ে সম্পাদন করে যে উক্ত মুদ্রা কোন ভিন্ন প্রকারের মুদ্রা রূপে চলিবে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারেব যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৪৯। এই অভিপ্রায়ে ভারতীয় মুদ্রার রূপ পরিবর্তিত করা যাহাতে উহা ভিন্ন প্রকারের মুদ্রারূপে চলিবে**—যেকেহ, কোন ভারতীয় মুদ্রার উপর এরূপ কোন ক্রিয়া, যাহা ঐ মুদ্রার রূপ পরিবর্তিত করে তাহা, এই অভিপ্রায়ে সম্পাদন করে যে উক্ত মুদ্রা কোন ভিন্ন প্রকারের মুদ্রা রূপে চলিবে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৫০। এরূপ মুদ্রার অর্পণ যাহা এই জ্ঞানে দখলে থাকে যে উহা পরিবর্তিত করা হইয়াছে**—যেকেহ, যে মুদ্রা সম্পর্কে ২৪৬ বা ২৪৮ ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত হইয়াছে, তাহা দখলে পাইয়া এবং ঐরূপ মুদ্রা সম্পর্কে ঐরূপ অপরাধ যে সংঘটিত হইয়াছিল তাহা, যে সময়ে উহা সে দখলে পাইয়াছিল সেই সময়ে, জ্ঞাত থাকিয়া প্রতারণাপূর্বক বা প্রতারণা সংঘটিত হইতে পারে এই অভিপ্রায়ে অন্য কোনও ব্যক্তিকে অর্পণ করে বা অন্য কোনও ব্যক্তিকে উহা লইবার জন্য প্ররোচিত করিতে প্রচেষ্টা করে, সে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৫১। এরূপ ভারতীয় মুদ্রার অর্পণ যাহা এই জ্ঞানে দখলে থাকে যে উহা পরিবর্তিত করা হইয়াছে**—যেকেহ, যে মুদ্রা সম্পর্কে ২৪৭ বা ২৪৯ ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত হইয়াছে, তাহা দখলে পাইয়া এবং ঐরূপ মুদ্রা সম্পর্কে ঐরূপ অপরাধ যে সংঘটিত হইয়াছিল তাহা, যে সময়ে উহা সে দখলে পাইয়াছিল সেই সময়ে, জ্ঞাত থাকিয়া প্রতারণাপূর্বক বা প্রতারণা সংঘটিত হইতে পারে এই অভিপ্রায়ে অন্য কোনও ব্যক্তিকে অর্পণ করে বা অন্য কোনও ব্যক্তিকে উহা লইবার জন্য প্ররোচিত করিতে প্রচেষ্টা করে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৫২। এরূপ ব্যক্তি কর্তৃক সেই মুদ্রার দখল যে, উহা যখন সে দখলে পাইয়াছিল তখন, উহা পরিবর্তিত বলিয়া জানিত**—যেকেহ, যে মুদ্রা সম্পর্কে ২৪৬ বা ২৪৮ ধারার যেকোনটিতে পরিভাষিত অপরাধ সংঘটিত হইয়াছে, ঐরূপ মুদ্রা সম্পর্কে ঐরূপ অপরাধ যে সংঘটিত হইয়াছিল তাহা, উহা সে দখলে পাইবার সময়ে জ্ঞাত থাকিয়া প্রতারণাপূর্বক বা প্রতারণা সংঘটিত হইতে পারে এই অভিপ্রায়ে, দখলে রাখে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৫৩। এরূপ ব্যক্তি কর্তৃক ভারতীয় মুদ্রার দখল যে, উহা যখন সে দখলে পাইয়াছিল তখন, উহা পরিবর্তিত বলিয়া জানিত**—যেকেহ, যে মুদ্রা সম্পর্কে ২৪৭ বা ২৪৯ ধারার যেকোনটিতে পরিভাষিত অপরাধ সংঘটিত হইয়াছে, ঐরূপ মুদ্রা সম্পর্কে ঐরূপ অপরাধ যে সংঘটিত হইয়াছিল তাহা, উহা সে দখলে পাইবার সময়ে জ্ঞাত থাকিয়া প্রতারণাপূর্বক বা প্রতারণা সংঘটিত হইতে পারে এই অভিপ্রায়ে, দখলে রাখে, সে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**২৫৪। এরূপ মুদ্রার আসল বলিয়া অর্পণ যাহা, প্রথম যখন দখলে থাকে তখন, পরিবর্তিত বলিয়া অর্পণকারী জানিত না**—যেকেহ অন্য কোন ব্যক্তিকে কোন মুদ্রা, যাহার সম্পর্কে ২৪৬, ২৪৭, ২৪৮ বা ২৪৯ ধারায় যেরূপ বর্ণিত আছে সেরূপ কোনও ক্রিয়া সম্পাদিত হইয়াছে বলিয়া সে জানে কিন্তু যাহার সম্পর্কে ঐরূপ ক্রিয়া সম্পাদিত হইয়াছিল বলিয়া, যখন সে তাহা দখলে লইয়াছিল সেই সময়ে, জানিত না তাহা, আসল বলিয়া বা উহা যে প্রকারের মুদ্রা তাহা হইতে ভিন্ন প্রকারের কোন মুদ্রা রূপে অর্পণ করে অথবা অন্য কোন ব্যক্তিকে উহা আসল বলিয়া বা উহা যে মুদ্রা তাহা হইতে ভিন্ন কোন মুদ্রারূপে লইবার জন্য প্ররোচিত করিতে প্রচেষ্টা করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে অথবা যে মুদ্রার বদলে পরিবর্তিত মুদ্রা চালানো হইয়াছে বা চালাইবার প্রচেষ্টা করা হইয়াছে তাহার মূল্যের দশ গুণ পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ অর্থপরিমাণ পর্যন্ত জরিমানায় দণ্ডিত হইবে।

**২৫৫। সরকারী স্ট্যাম্প মেকীকরণ**—যেকেহ, সরকার কর্তৃক রাজস্বের প্রয়োজনার্থে প্রচালিত কোন স্ট্যাম্প মেকী করে বা জ্ঞানতঃ মেকীকরণ প্রক্রিয়ার কোন অংশ সম্পাদন করে, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা**—কোন ব্যক্তি এই অপরাধ সংঘটিত করে যেকোন এক রাশির একটি আসল স্ট্যাম্পকে অন্য এক রাশির একটি আসল স্ট্যাম্পের ন্যায় প্রতীয়মান করাইয়া মেকী করে।

**২৫৬। সরকারী স্ট্যাম্প মেকীকরণের জন্য সাধিত্র বা উপাদান দখলে রাখা**—যেকেহ, কোন সাধিত্র বা উপাদান, সরকার কর্তৃক রাজস্বের প্রয়োজনার্থে প্রচালিত কোন স্ট্যাম্প মেকীকরণের জন্য ব্যবহৃত হইবার উদ্দেশ্যে, বা উহা যে তদুদ্দেশ্যে ব্যবহৃত হইবার জন্য অভিপ্রেত তাহা জানিয়াও বা বিশ্বাস করিবার কারণ থাকিতেও, তাহার দখলে রাখে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৫৭। **সরকারী স্ট্যাম্প মেকীকরণের জন্য সাধিত্র প্রস্তুতকরণ বা বিক্রয়করণ**—যেকেহ, সরকার কর্তৃক রাজস্বের প্রয়োজনার্থে প্রচলিত কোন স্ট্যাম্প মেকীকরণের উদ্দেশ্যে, কোন সাধিত্র উহা তদুদ্দেশ্যে ব্যবহৃত হইবার জন্য, বা উহা যে তদুদ্দেশ্যে ব্যবহৃত হইবার জন্য অভিপ্রেত তাহা জানিয়াও বা বিশ্বাস করিবার কারণ থাকিতেও, প্রস্তুত করে বা প্রস্তুত করণার্থ প্রক্রিয়ার কোন অংশ সম্পাদন করে, অথবা ক্রয় করে বা বিক্রয় করে বা উহার বিলিব্যবস্থা করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৫৮। **মেকী সরকারী স্ট্যাম্পের বিক্রয়**—যেকেহ, কোন স্ট্যাম্প, যাহা সরকার কর্তৃক রাজস্বের প্রয়োজনার্থে প্রচালিত কোন স্ট্যাম্পের মেকীকৃতি বলিয়া সে জানে বা তাহার বিশ্বাস করিবার কারণ থাকে তাহা, বিক্রয় করে বা বিক্রয় করিবার জন্য প্রস্থাপন করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৫৯। **মেকী সরকারী স্ট্যাম্প দখলে রাখা**—যেকেহ, কোন স্ট্যাম্প যাহা সে সরকার কর্তৃক রাজস্বের প্রয়োজনার্থে প্রচালিত কোন স্ট্যাম্পের মেকীকৃতি বলিয়া জানে তাহা, কোন আসল স্ট্যাম্প রূপে ব্যবহার করিবার বা ঐরূপে উহার বিলিব্যবস্থা করিবার অভিপ্রায়ে অথবা কোন আসল স্ট্যাম্প রূপে যাহাতে উহা ব্যবহৃত হইতে পারে এই উদ্দেশ্যে, তাহার দখলে রাখে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

২৬০। **মেকী বলিয়া জানা কোন সরকারী স্ট্যাম্প আসলরূপে ব্যবহার করা**—যেকেহ, কোন স্ট্যাম্প, উহা সরকার কর্তৃক রাজস্বের প্রয়োজনার্থে প্রচালিত কোন স্ট্যাম্পের কোন মেকীকৃতি বলিয়া জানিয়া, আসলরূপে ব্যবহার করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৬১। **সরকারের ক্ষতি ঘটানোর অভিপ্রায়ে, সরকারী স্ট্যাম্পযুক্ত পদার্থ হইতে লিখন বিলোপ করা, অথবা দস্তাবেজ হইতে তজ্জন্য ব্যবহৃত কোন স্ট্যাম্প অপসারিত করা**—যেকেহ, প্রতারণাপূর্বক বা সরকারের ক্ষতি ঘটানোর অভিপ্রায়ে, এরূপ পদার্থ যাহাতে সরকার কর্তৃক বাজস্বের প্রয়োজনার্থে প্রচালিত কোন স্ট্যাম্প যুক্ত আছে তাহা হইতে, যে লিখন বা দস্তাবেজের জন্য ঐরূপ স্ট্যাম্প ব্যবহৃত হইয়াছে তাহা অপসারিত করে বা বিলোপ করে অথবা কোন লিখন বা দস্তাবেজ হইতে এরূপ কোন স্ট্যাম্প, যাহা ঐ লিখন বা দস্তাবেজের জন্য ব্যবহৃত হইয়াছে তাহা, এই উদ্দেশ্যে অপসারিত করে যে ঐরূপ স্ট্যাম্প কোন ভিন্ন লিখন বা দস্তাবেজের জন্য ব্যবহৃত হইতে পারে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৬২। **যে সরকারী স্ট্যাম্প পূর্বে ব্যবহৃত হইয়াছে বলিয়া জানা আছে তাহা ব্যবহার করা**—যেকেহ, প্রতারণাপূর্বক বা সরকারের ক্ষতি ঘটানোর অভিপ্রায়ে, সরকার কর্তৃক রাজস্বের প্রয়োজনার্থে প্রচালিত যে স্ট্যাম্প পূর্বে ব্যবহৃত হইয়াছে বলিয়া সে জানে, তাহা কোনও উদ্দেশ্যে ব্যবহার করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৬৩। স্ট্যাম্প যে ব্যবহৃত হইয়াছে তাহার দ্যোতক চিহ্ন মুছিয়া ফেলা**—যেকেহ, প্রতারণাপূর্বক বা সরকারের ক্ষতি ঘটানোর অভিপ্রায়ে, সরকার কর্তৃক রাজস্বের প্রয়োজনার্থে প্রচালিত কোন স্ট্যাম্প হইতে, উহা যে ব্যবহৃত হইয়া গিয়াছে তাহা দ্যোতিত করিবার উদ্দেশ্যে ঐরূপ স্ট্যাম্পের উপর যে চিহ্ন লাগানো বা প্রমুদ্রিত থাকে, সেই চিহ্ন মুছিয়া ফেলে বা অপসারিত করে, অথবা ঐরূপ যে স্ট্যাম্প হইতে সেই চিহ্ন মুছিয়া ফেলা হইয়াছে বা অপসারিত করা হইয়াছে তাহা জ্ঞানতঃ তাহার দখলে রাখে বা বিক্রয় করে বা তাহার বিলিব্যবস্থা করে অথবা ঐরূপ যে স্ট্যাম্প ব্যবহৃত হইয়া গিয়াছে বলিয়া সে জানে তাহা বিক্রয় করে বা তাহার বিলিব্যবস্থা করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৬৩ক। ভুয়া স্ট্যাম্প প্রতিষিদ্ধকরণ**—(১) যেকেহ—

(ক) কোনও ভুয়া স্ট্যাম্প প্রস্তুত করে, জ্ঞানতঃ চালায় লেনদেন করে বা বিক্রয় করে, অথবা কোনও ভুয়া স্ট্যাম্প ডাক সংক্রান্ত প্রয়োজনে জ্ঞানতঃ ব্যবহার করে, বা

(খ) কোনও ভুয়া স্ট্যাম্প বিধিসম্মত কৈফিয়ৎ ব্যতিরেকে তাহার দখলে রাখে, অথবা

(গ) কোনও ভুয়া স্ট্যাম্প প্রস্তুত করিবার জন্য কোন ছাঁচ, পাত, সাধিত্র বা উপাদান প্রস্তুত করে অথবা বিধিসম্মত কৈফিয়ৎ ব্যতিরেকে তাহার দখলে রাখে,

সে দুই শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় দণ্ডিত হইবে।

(২) কোনও ভুয়া স্ট্যাম্প প্রস্তুত করিবার জন্য কোন ব্যক্তির দখলাধীন ঐরূপ কোনও স্ট্যাম্প, ছাঁচ, পাত, সাধিত্র বা উপাদান [১][অভিগ্রহণ করা যাইবে এবং অভিগৃহীত হইলে] বাজেয়াপ্ত হইবে ;

(৩) এই ধারায় "ভুয়া স্ট্যাম্প" বলিতে এরূপ কোনও স্ট্যাম্প বুঝায় যাহা কোন ডাক মাশুলের হার দ্যোতিত করিবার উদ্দেশ্যে সরকার কর্তৃক প্রচালিত বলিয়া মিথ্যাভাবে তাৎপর্যিত অথবা যাহা সেই উদ্দেশ্যে সরকার কর্তৃক প্রচালিত কোন স্ট্যাম্পের কোন সমরূপণ বা অনুকৃতি অথবা প্রতিরূপণ, তাহা কাগজের উপর বা অন্যথা যেভাবেই হউক ;

(৪) এই ধারায় এবং ২৫৫ হইতে ২৬৩ উভয় সমেত ধারাতেও "সরকার" শব্দটি যখন ডাকমাশুলের কোন হার দ্যোতিত করিবার উদ্দেশ্যে প্রচালিত কোন স্ট্যাম্প সম্পর্কে বা প্রসঙ্গে ব্যবহৃত হয় তখন, ১৭ ধারায় যাহা কিছু আছে তৎসত্বেও, ভারতের যেকোন অংশে এবং সম্রাজ্ঞীর ডোমিনিয়ানসমূহের যেকোন অংশেও বা কোন বিদেশেও নির্বাহী সরকার পরিচালনার জন্য বিধি দ্বারা প্রাধিকৃত ব্যক্তি বা ব্যক্তিগণকে অন্তর্ভুক্ত করে বলিয়া গণ্য হইবে।

## অধ্যায় ১৩

## ওজন ও পরিমাপ সংক্রান্ত অপরাধ বিষয়ে

**২৬৪। ওজন করিবার মিথ্যা সাধিত্রের প্রতারণামূলক ব্যবহার**—যেকেহ ওজন করিবার এরূপ কোন সাধিত্র প্রতারণাপূর্বক ব্যবহার করে যাহা সে মিথ্যা বলিয়া জানে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৬৫। মিথ্যা বাটখারা বা মাপকের প্রতারণামূলক ব্যবহার**—যেকেহ কোন মিথ্যা বাটখারা অথবা দৈর্ঘ্য বা আয়তনের কোন মিথ্যা মাপক প্রতারণাপূর্বক ব্যবহার করে অথবা কোন বাটখারা অথবা দৈর্ঘ্য বা আয়তনের কোন মাপক উহা যে ওজন বা মাপের জন্য হয় তাহা হইতে ভিন্ন রূপে প্রতারণাপূর্বক ব্যবহার করে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

---

১। ১৯৫৩-র ৪২ আইন, ৪ ধারা ও তফসিল ৩ দ্বারা, "অভিগ্রহণ করা যাইবে এবং"-এর স্থলে প্রতিস্থাপিত।

**২৬৬। মিথ্যা বাটখারা বা মাপক দখলে রাখা**—যেকেহ ওজন করিবার কোন সাধিত্র বা কোন বাটখারা অথবা দৈর্ঘ্য বা আয়তনের কোন মাপক, যাহা সে মিথ্যা বলিয়া জানে তাহা, এই অভিপ্রায়ে দখলে রাখে যে উহা প্রতারণাপূর্বক ব্যবহৃত হইতে পারে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৬৭। মিথ্যা বাটখারা বা মাপক প্রস্তুতকরণ বা বিক্রয়করণ**—যেকেহ ওজন করিবার কোন সাধিত্র বা কোন বাটখারা অথবা দৈর্ঘ্য বা আয়তনের কোন মাপক, যাহা সে মিথ্যা বলিয়া জানে তাহা যথার্থ বলিয়া ব্যবহৃত হইতে পারে এই উদ্দেশ্যে বা যথার্থ বলিয়া ব্যবহৃত হওয়া সম্ভাব্য তাহা জানিয়া প্রস্তুত করে, বিক্রয় করে বা উহার বিলিববস্থা করে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## অধ্যায় ১৪

## জনসাধারণের স্বাস্থ্য, নিরাপত্তা, শৌচ সুবিধা, শোভনতা ও নৈতিকতা প্রভাবিত করে এরূপ অপরাধ বিষয়ে

**২৬৮। লোক-উৎপাত**—কোন ব্যক্তি কোন লোক-উৎপাতের জন্য দোষী হয়, যে এরূপ কোন কার্য করে অথবা এরূপ কোন অবৈধ অকৃতির জন্য দোষী হয় যাহা জনসাধারণের অথবা যে সাধারণ জন পরিপার্শ্বে বাস করে বা সম্পত্তি ভোগদখল করে তাহাদের কোন অভিন্ন হানি, বিপদ বা বিরক্ত ঘটায় অথবা যাহা, যেসকল ব্যক্তির কোনও সার্বজনীন অধিকার ব্যবহার করিবার প্রয়োজন হইতে পারে, তাহাদের অবশ্যম্ভাবীভাবে হানি, বাধা, বিপদ বা বিরক্তি ঘটায়।

কোন অভিন্ন উৎপাত উহা কিছু স্বাচ্ছন্দ্য বা সুবিধা ঘটায় এই হেতুতে ক্ষমার্হ হয় না।

**২৬৯। অবহেলাপূর্ণ কার্য যাহা হইতে জীবনের পক্ষে বিপজ্জনক রোগের সংক্রমণ ব্যাপ্ত হওয়া সম্ভাব্য**—যেকেহ বিধিবিরুদ্ধভাবে বা অবহেলাপূর্বক এরূপ কোন কার্য করে যাহা হইতে জীবনের পক্ষে বিপজ্জনক রোগের সংক্রমণ ব্যাপ্ত হওয়া সম্ভাব্য, বা সম্ভাব্য বলিয়া সে জানে বা তাহার বিশ্বাস করিবার কারণ থাকে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৭০। বিদ্বেষপূর্ণ কার্য যাহা হইতে জীবনের পক্ষে বিপজ্জনক রোগের সংক্রমণ ব্যাপ্ত হওয়া সম্ভাব্য**—যেকেহ বিদ্বেষপূর্বক এরূপ কোন কার্য করে যাহা হইতে জীবনের পক্ষে বিপজ্জনক রোগের সংক্রমণ ব্যাপ্ত হওয়া সম্ভাব্য, বা সম্ভাব্য বলিয়া সে জানে বা তাহার বিশ্বাস করিবার কারণ থাকে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৭১। সঙ্গরোধন নিয়ম অমান্যকরণ**—যেকেহ , কোন জলযান সঙ্গরুদ্ধ অবস্থায় রাখিবার জন্য অথবা সঙ্গরুদ্ধ অবস্থায় থাকা জলযানসমূহের সহিত উপকূলের বা অন্যান্য জলযানের সংস্রব প্রনিয়ন্ত্রণের জন্য অথবা যেসকল স্থানে কোন সংক্রামক রোগ প্রাদুর্ভূত হয় সেই সকল স্থান ও অন্যান্য স্থানের মধ্যে সংস্রব প্রনিয়ন্ত্রণের জন্য সরকার কর্তৃক প্রণীত ও প্রখ্যাপিত কোন নিয়ম জ্ঞানতঃ অমান্য করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৭২। **বিক্রয়ের জন্য অভিপ্রেত খাদ্য বা পানীয়ে ভেজাল দেওয়া**—যেকেহ কোন খাদ্যে বা পানীয় দ্রব্যে, ঐরূপ দ্রব্য খাদ্য বা পানীয়রূপে বিক্রয়ের অভিপ্রায়ে অথবা উহা যে খাদ্য বা পানীয়রূপে বিক্রীত হইবে ইহা সম্ভাব্য জানিয়া, এরূপে ভেজাল দেয় যাহাতে ঐরূপ দ্রব্যকে খাদ্য বা পানীয়রূপে ক্ষতিকর করিয়া দেওয়া হয়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৭৩। **ক্ষতিকর খাদ্য বা পানীয় বিক্রয়**—যেকেহ কোন দ্রব্য, যাহাকে ক্ষতিকর করিয়া ফেলা হইয়াছে বা যাহা ক্ষতিকর হইয়া পড়িয়াছে অথবা যাহা খাদ্য বা পানীয়রূপে অনুপযুক্ত অবস্থায় রহিয়াছে তাহা, খাদ্য বা পানীয়রূপে উহা যে ক্ষতিকর ইহা জানিয়া বা বিশ্বাস করিবার কারণ থাকিতে, খাদ্য বা পানীয়রূপে বিক্রয় করে অথবা বিক্রয়ের জন্য প্রস্থাপন বা প্রদর্শন করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৭৪। **ভেষজে ভেজাল দেওয়া**—যেকেহ কোন ভেষজ বা ঔষধীয় প্রস্তুতিতে এমনভাবে ভেজাল দেয় যাহাতে ঐরূপ ভেষজ বা ঔষধীয় প্রস্তুতির কার্যকারিতা হ্রাস পায় বা উহার ক্রিয়া পরিবর্তিত হয় বা উহাকে ক্ষতিকর করিয়া দেওয়া হয়, এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া, যে উহা এইভাবে কোন ঔষধীয় প্রয়োজনার্থে বিক্রীত বা ব্যবহৃত হইবে যেন উহাতে ঐরূপ ভেজাল দেওয়া হয় নাই, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৭৫। **ভেজাল দেওয়া ঔষধ বিক্রয়**—যেকেহ কোন ভেষজ বা ঔষধীয় প্রস্তুতিতে, যাহাতে উহার কার্যকারিতা হ্রাস পায়, উহার ক্রিয়া পরিবর্তিত হয় বা উহাকে ক্ষতিকর করিয়া ফেলা হয়, এমনভাবে ভেজাল দেওয়া হইয়াছে বলিয়া জানিয়া উহা বিক্রয় করে, অথবা উহা বিক্রয়ের জন্য প্রস্থাপন বা প্রদর্শন করে, অথবা উহা কোন ঔষধীয় প্রয়োজনার্থে ভেজালহীনরূপে কোন ঔষধালয় হইতে দেয় অথবা যে ব্যক্তি ঐ ভেজাল দেওয়া সম্পর্কে অবগত নহে তাহাকে দিয়া উহা কোন ঔষধীর প্রয়োজনার্থে ব্যবহার করায়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৭৬। **কোন এক ভেষজকে ভিন্ন এক ভেষজ বা প্রস্তুতি রূপে বিক্রয়**—যেকেহ, জ্ঞানতঃ কোন ভেষজকে বা ঔষধীয় প্রস্তুতিকে ভিন্ন এক ভেষজ বা ঔষধীয় প্রস্তুতিরূপে বিক্রয় করে, অথবা বিক্রয়ের জন্য প্রস্থাপন বা প্রদর্শন করে অথবা ঔষধীর প্রয়োজনার্থে কোন ঔষধালয় হইতে দেয়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৭৭। **সার্বজনিক প্রস্রবণ বা জলাধারের জল নোংরা করা**—যেকেহ স্বেচ্ছাকৃতভাবে কোন সার্বজনিক প্রস্রবণ বা জলাধারের জল এরূপে অবদূষিত বা নোংরা করে যাহাতে যে প্রয়োজনার্থে উহা সাধারণতঃ ব্যবহৃত হয় তাহার পক্ষে উহাকে কম উপযুক্ত করিয়া ফেলা হয়, সে তিন মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৭৮। আবহমণ্ডলকে স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর করিয়া দেওয়া**—যেকেহ স্বেচ্ছাকৃতভাবে কোন স্থানের আবহমণ্ডল এরূপে প্রদূষিত করে যাহাতে উহাকে, যে ব্যক্তি সাধারণ পার্শ্ববর্তী অঞ্চলে বাস করে বা কারবার চালায় বা কোন সার্বজনিক পথ দিয়া যাতায়াত করে, তাহাদের স্বাস্থের পক্ষে ক্ষতিকর করিয়া দেওয়া হয়, সে পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় দণ্ডিত হইবে।

**২৭৯। কোন সার্বজনিক পথের উপর বেপরোয়াভাবে যান চালানো অথবা সওয়ার হইয়া কোন কিছু চালানো**—যেকেহ কোন সার্বজনিক পথের উপর এরূপ বেপরোয়াভাবে বা অবহেলাপূর্বক কোন যান চালায়, অথবা সওয়ার হইয়া কোন কিছু চালায় যাহাতে মানবজীবন বিপন্ন হয় অথবা যাহাতে অন্য কোন ব্যক্তির আঘাত বা হানি ঘটিত হওয়া সম্ভাব্য, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৮০। বেপরোয়াভাবে জলযান চালানো**—যেকেহ এরূপ প্রকার বেপরোয়াভাবে বা অবহেলাপূর্বক কোন জলযান চালায় যাহাতে মানবজীবন বিপন্ন হয় অথবা যাহাতে অন্য কোন ব্যক্তির আঘাত বা হানি ঘটিত হওয়া সম্ভাব্য, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৮১। মিথ্যা আলো, চিহ্ন বা বয়া প্রদর্শন**—যেকেহ মিথ্যা কোন আলো, চিহ্ন বা বয়া এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া প্রদর্শন করে যে ঐরূপ প্রদর্শন কোন নৌ-চালককে বিভ্রান্ত করিবে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৮২। অনিরাপদ বা অতিভার-বোঝাই জলযানে জলপথে ভাড়ায় ব্যক্তিবহন করা**—যেকেহ জ্ঞানতঃ বা অবহেলাপূর্বক কোন ব্যক্তিকে জলপথে, কোন জলযানে, যখন ঐ জলযান এরূপ অবস্থায় থাকে বা এরূপে ভার বোঝাই হইয়া থাকে যাহা ঐ ব্যক্তির জীবন বিপন্ন করে তখন, ভাড়ায় বহন করে বা পরিবাহিত করায়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৮৩। সার্বজনিক পথ বা নৌবাহ পথে বিপদ বা বাধা**—যেকেহ, কোন কার্য করিয়া অথবা তাহার দখলভুক্ত বা ভারাধীন কোন সম্পত্তি সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করিতে অকৃতি করিয়া কোন সার্বজনিক পথে বা সার্বজনিক নৌবাহপথে কোন ব্যক্তির বিপদ, বাধা বা হানি ঘটায়, সে দুই শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় দণ্ডিত হইবে।

**২৮৪। বিষাক্ত পদার্থ সম্পর্কে অবহেলাপূর্বক আচরণ**—যেকেহ কোন বিষাক্ত পদার্থ লইয়া কোন কার্য এরূপ বেপরোয়াভাবে বা অবহেলাপূর্বক করে যাহাতে মানবজীবন বিপন্ন হয় অথবা যাহাতে কোন ব্যক্তির আঘাত বা হানি ঘটিত হওয়া সম্ভাব্য,

অথবা তাহার দখলভুক্ত কোন বিষাক্ত পদার্থ সম্পর্কে, ঐরূপ বিষাক্ত পদার্থ হইতে মানবজীবনে কোন সম্ভাবিত বিপদ রোধ করিবার পক্ষে যেরূপ পর্যাপ্ত হয়, সেরূপ ব্যবস্থা গ্রহণ করিতে জ্ঞানতঃ বা অবহেলাপূর্বক অকৃতি করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৮৫। **আগুন বা দাহ্যবস্তু সম্পর্কে অবহেলাপূর্বক আচরণ**—যেকেহ আগুন বা কোন দাহ্যবস্তু লইয়া কোন কার্য এরূপ বেপরোয়াভাবে বা অবহেলাপূর্বক করে যাহাতে মানবজীবন বিপন্ন হয় অথবা যাহাতে অন্য কোন ব্যক্তির আঘাত বা হানি ঘটিত হওয়া সম্ভাব্য,

অথবা তাহার দখলভুক্ত আগুন বা কোন দাহ্যবস্তু সম্পর্কে, এরূপ আগুন বা দাহ্যবস্তু হইতে মানবজীবনে কোন সম্ভাবিত বিপদ রোধ করিবার পক্ষে যেরূপ পর্যাপ্ত হয় সেরূপ ব্যবস্থা গ্রহণ করিতে জ্ঞানতঃ বা অবহেলাপূর্বক অকৃতি করে,

সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৮৬। **বিস্ফোরক পদার্থ সম্পর্কে অবহেলাপূর্বক আচরণ**—যেকেহ কোন বিস্ফোরক পদার্থ লইয়া কোন কার্য এরূপ বেপরোয়াভাবে বা অবহেলাপূর্বক করে যাহাতে মানবজীবন বিপন্ন হয় অথবা যাহাতে অন্য কোন ব্যক্তির আঘাত বা হানি ঘটিত হওয়া সম্ভাব্য,

অথবা তাহার দখলভুক্ত কোন বিস্ফোরক পদার্থ সম্পর্কে, ঐ পদার্থ হইতে মানবজীবনে কোন সম্ভাবিত বিপদ রোধ করিবার পক্ষে যেরূপ পর্যাপ্ত হয়, সেরূপ ব্যবস্থা গ্রহণ করিতে জ্ঞানতঃ বা অবহেলাপূর্বক অকৃতি করে,

সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৮৭। **যন্ত্রপাতি সম্পর্কে অবহেলাপূর্বক আচরণ**—যেকেহ কোন যন্ত্রপাতি লইয়া কোন কার্য এরূপ বেপরোয়াভাবে বা অবহেলাপূর্বক করে যাহাতে মানবজীবন বিপন্ন হয় অথবা যাহাতে অন্য কোন ব্যক্তির আঘাত বা হানি ঘটিত হওয়া সম্ভাব্য,

অথবা তাহার দখলভুক্ত বা তাহার তত্ত্বাবধানাধীন কোন যন্ত্রপাতি সম্পর্কে, ঐরূপ যন্ত্রপাতি হইতে মানবজীবনে কোন সম্ভাবিত বিপদ রোধ করিবার পক্ষে যেরূপ পর্যাপ্ত হয় সেরূপ ব্যবস্থা গ্রহণ করিতে জ্ঞানতঃ বা অবহেলাপূর্বক অকৃতি করে,

সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৮৮। **ভবন ভাঙ্গিয়া ফেলা বা মেরামত করা সম্পর্কে অবহেলা-পূর্বক আচরণ**—যেকেহ কোন ভবন ভাঙ্গিয়া ফেলিতে বা মেরামত করিতে গিয়া, ঐ ভবনের বা উহার কোন অংশের পতন হইতে মানবজীবনে কোন সম্ভাবিত বিপদ রোধ করিবার পক্ষে যেরূপ পর্যাপ্ত হয়, ঐ ভবন সম্পর্কে সেরূপ ব্যবস্থা গ্রহণ করিতে জ্ঞানতঃ বা অবহেলাপূর্বক অকৃতি করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৮৯। **পশু সম্পর্কে অবহেলাপূর্বক আচরণ**—যেকেহ তাহার দখলভুক্ত কোন পশু সম্পর্কে, ঐরূপ পশু হইতে মানবজীবনে কোন সম্ভাবিত বিপদ অথবা কোন সম্ভাবিত গুরুতর আঘাত রোধ করিবার পক্ষে যেরূপ পর্যাপ্ত হয় সেরূপ ব্যবস্থা গ্রহণ করিতে জ্ঞানতঃ বা অবহেলাপূর্বক অকৃতি করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৯০। অন্যথা ব্যবস্থিত হয় নাই এরূপ ক্ষেত্রসমূহে লোক-উৎপাতের জন্য দণ্ড**—যেকেহ এরূপ কোনও ক্ষেত্রে কোন লোক-উৎপাত সংঘটিত করে যেক্ষেত্রে উহা এই সংহিতা দ্বারা অন্যথা দণ্ডনীয় নহে, সে দুই শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় দণ্ডিত হইবে।

**২৯১। উৎপাত বন্ধ করণার্থ আসেধাজ্ঞার পরও উহা চালাইয়া যাওয়া**—যেকেহ কোন লোক-উৎপাতের পুনরাবৃত্তি না করিবার জন্য বা উহা না চালাইয়া যাইবার জন্য কোন আসেধাজ্ঞা, ঐরূপ আসেধাজ্ঞা জারি করিবার বিধিসম্মত প্রাধিকার যে লোক কৃত্যকারীর আছে তাহার নিকট হইতে প্রাপ্ত হইয়াও ঐরূপ উৎপাতের পুনরাবৃত্তি করে বা উহা চালাইয়া যায়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৯২। অশ্লীল পুস্তক ইত্যাদির বিক্রয় ইত্যাদি**—[১][(১) (২) উপধারার প্রয়োজনার্থে, কোন পুস্তক, প্যামফ্লেট, কাগজ, লিখন, রেখাঙ্কন, চিত্রাঙ্কন, প্রতিরূপণ, আকৃতি বা অন্য কোন বস্তু অশ্লীল বলিয়া গণ্য হইবে যদি উহা কামোদ্দীপক হয় বা অভিলালসার আগ্রহ জাগায় অথবা যদি উহার প্রভাব বা (যেক্ষেত্রে উহা দুই বা ততোধিক স্বতন্ত্র দফা লইয়া হয় সেক্ষেত্রে) উহার দফাসমূহের কোন একটির প্রভাব, সমগ্ররূপে গ্রহণ করা হইলে, এরূপ হয় যে উহা, যেসকল ব্যক্তি, সকল প্রাসঙ্গিক পরিস্থিতির প্রতি লক্ষ্য রাখিয়া, উহার অন্তর্ভুক্ত বা অঙ্গীভূত বিষয় সম্ভাব্যতঃ পড়িতে, দেখিতে বা শুনিতে পারে, তাহাদের চরিত্রভ্রষ্ট বা দুর্নীতিগ্রস্ত করিতে প্রবণ হয়।]

[২][(২)] যেকেহ—

(ক) কোন অশ্লীল পুস্তক, প্যামফ্লেট, কাগজ, লিখন, রেখাঙ্কন, চিত্রাঙ্কন, প্রতিরূপণ, আকৃতি বা যেকোন প্রকারের অন্য কোন অশ্লীল বস্তু বিক্রয় করে, ভাড়া দেয়, বণ্টন করে, লোকসমক্ষে প্রদর্শিত করে বা যেকোন প্রণালীতে প্রচারিত করে অথবা বিক্রয়, ভাড়া, বণ্টন, লোকসমক্ষে প্রদর্শন বা প্রচারের প্রয়োজনার্থে রচনা করে, প্রস্তুত করে বা তাহার দখলে রাখে, অথবা

(খ) কোন অশ্লীল বস্তু পূর্বোক্ত যেকোন প্রয়োজনার্থে অথবা ঐরূপ বস্তু যে বিক্রয় করা, ভাড়া দেওয়া, বণ্টন করা বা লোকসমক্ষে প্রদর্শন করা হইবে বা যেকোন প্রণালীতে প্রচারিত করা হইবে বলিয়া জানিয়া বা বিশ্বাস করিবার কারণ থাকিতে আমদানি করে, রপ্তানি করে বা পরিবহণ করে, অথবা

(গ) এরূপ কোন ব্যবসায়ে অংশগ্রহণ করে বা উহা হইতে লাভ প্রাপ্ত হয় যাহার অনুক্রমে সে জানে বা তাহার বিশ্বাস করিবার কারণ থাকে যে ঐরূপ অশ্লীল বস্তুসমূহ, পূর্বোক্ত যেকোন প্রয়োজনার্থে, রচনা, প্রস্তুত, ক্রয়, রক্ষণ, আমদানি, রপ্তানি, পরিবহণ, লোকসমক্ষে প্রদর্শন বা যেকোন প্রণালীতে প্রচারিত করা হয়, অথবা

(ঘ) বিজ্ঞাপিত করে বা যেকোন উপায়েই হউক জ্ঞাত করায় যে, কোন ব্যক্তি, এরূপ কোন কার্যে নিযুক্ত আছে বা নিযুক্ত হইতে প্রস্তুত আছে যাহা এই ধারার অধীন কোন অপরাধ, অথবা ঐরূপ যেকোন অশ্লীল বস্তু কোন ব্যক্তির নিকট হইতে বা মাধ্যমে যোগাড় করা যাইতে পারে, অথবা

(ঙ) এরূপ কোন কার্য করিবার জন্য প্রস্থাপন করে বা প্রচেষ্টা করে যাহা এই ধারার অধীন কোন অপরাধ, সে [৩][প্রথম দোষসিদ্ধিতে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে এবং দুই হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় এবং দ্বিতীয় ও পরবর্তী দোষসিদ্ধি ঘটিলে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে এবং পাঁচ হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায়ও দণ্ডিত হইবে।]

---

১। ১৯৬৯-এর ৩৬ আইন, ২ ধারা দ্বারা সন্নিবেশিত।

২। ২৯২ ধারাটি, ১৯৬৯-এর ৩৬ আইন, ২ ধারা দ্বারা, ঐ ধারার (২) উপধারারূপে পুনঃসংখ্যাত হইয়াছিল।

৩। ১৯৬৯-এর ৩৬ আইন, ২ ধারা দ্বারা, কতিপয় শব্দের স্থলে প্রতিস্থাপিত।

[1][*ব্যতিক্রম*—এই ধারা নিম্নোক্ত ক্ষেত্রে প্রসারিত হয় না—

(ক) কোন পুস্তক, প্যামফ্লেট, কাগজ, লিখন, রেখাঙ্কন, চিত্রাঙ্কন, প্রতিরূপণ বা আকৃতি—

(i) যাহার প্রকাশনা, লোকহিতার্থে হওয়ার দরুণ, এই হেতুতে ন্যায্য বলিয়া প্রমাণিত হইয়াছে যে, ঐরূপ পুস্তক, প্যামফ্লেট, কাগজ, লিখন, রেখাঙ্কন, চিত্রাঙ্কন, প্রতিরূপণ বা আকৃতি, বিজ্ঞান, সাহিত্য, কলা অথবা বিদ্যার্জন বা সর্বসাধারণ সংশ্লিষ্ট অন্যান্য উদ্দেশ্যের নিমিত্তই হইয়াছে, অথবা

(ii) যাহা ধর্মীয় প্রয়োজনে সদুদ্দেশ্যে রক্ষিত বা ব্যবহৃত হয় ;

(খ) কোন প্রতিরূপণ যাহা—

(i) প্রাচীন স্মৃতিসৌধ এবং প্রত্নতাত্ত্বিক স্থান ও পুরাবশেষ আইন, ১৯৫৮ (১৯৫৮-র ২৪)-এর অর্থে কোন প্রাচীন স্মৃতিসৌধের উপর বা মধ্যে, অথবা

(ii) কোন মন্দিরের উপর বা মধ্যে অথবা মূর্তি পরিবহণের জন্য ব্যবহৃত অথবা কোন ধর্মীয় প্রয়োজনে রক্ষিত বা ব্যবহৃত কোন গাড়ির উপর ভাস্কর্যকৃত, খোদিত, চিত্রাঙ্কিত বা অন্যথা প্রতিরূপিত থাকে।]

**২৯৩। অল্পবয়স্ক ব্যক্তির নিকট অশ্লীল বস্তুর বিক্রয় ইত্যাদি**—যেকেহ কুড়ি বৎসরের কম বয়স্ক কোন ব্যক্তির নিকট অন্তিম পূর্ববর্তী ধারায় যেরূপ উল্লিখিত আছে সেরূপ কোন অশ্লীল বস্তু বিক্রয় করে, ভাড়া দেয়, বণ্টন করে, প্রদর্শিত করে বা প্রচারিত করে অথবা ঐরূপ করিবার জন্য প্রস্থাপন করে বা প্রচেষ্টা করে, সে [2][প্রথম দোষসিদ্ধিতে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে এবং দুই হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় এবং দ্বিতীয় ও পরবর্তী দোষসিদ্ধি ঘটিলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে এবং পাঁচ হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানাও দণ্ডিত হইবে।]

**২৯৪। অশ্লীল কার্য এবং গান**—যেকেহ, অপরে উত্যক্ত হয় এইভাবে—

(ক) কোন সার্বজনিক স্থানে কোন অশ্লীল কার্য করে, বা

(খ) কোন সার্বজনিক স্থানে বা তন্নিকটে কোন অশ্লীল গান, গাথা বা শব্দাবলী গায়, আবৃত্তি করে বা উচ্চারণ করে,

সে তিন মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**২৯৪ক। লটারী অফিস রক্ষণ করা**—যেকেহ কোন লটারী, যাহা [3][কোন রাজ্য লটারী] নহে বা রাজ্য সরকার কর্তৃক প্রাধিকৃত কোন লটারী নহে তাহা, অনুষ্ঠিত করিবার প্রয়োজনার্থে কোন কার্যালয় বা স্থান রক্ষণ করে, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

এবং যেকেহ ঐরূপ কোন লটারীতে কোন টিকিট, লট, নম্বর বা আকৃতি টানিয়া তুলিয়া লওয়া সম্পর্কিত বা এতৎপ্রতি প্রযোজ্য কোন ঘটনার বা উপনৈমিত্তিক অবস্থার ভিত্তিতে কোন ব্যক্তির হিতার্থে কোন অর্থাংক প্রদানের বা কোন মাল অর্পণের বা কোন কিছু করিবার বা করা হইতে বিরত থাকিবার কোন প্রস্তাব প্রকাশ করে, সে এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় দণ্ডিত হইবে।

১। ১৯৬৯-এর ৩৬ আইন, ২ ধারা দ্বারা, "ব্যতিক্রম"-এর স্থলে প্রতিস্থাপিত।

২। ১৯৬৯-এর ৩৬ ধারা, ২ ধারা দ্বারা, কতিপয় শব্দের স্থলে প্রতিস্থাপিত।

৩। ১৯৫১-র ৩ আইন, ৩ ধারা ও তফসিল দ্বারা, "কেন্দ্রীয় সরকার অথবা ভাগ ক রাজ্য বা ভাগ খ রাজ্যের সরকার কর্তৃক সংগঠিত লটারী"-এর স্থলে প্রতিস্থাপিত।

## অধ্যায় ১৫

## ধর্ম সম্পর্কিত অপরাধ বিষয়ে

২৯৫। **কোন শ্রেণীবিশেষের ধর্মকে অপমান করিবার অভিপ্রায়ে উপাসনা স্থানের হানি করা বা উহা অপবিত্র করা**—যেকেহ, কোন উপাসনা স্থান, বা কোনও শ্রেণীর ব্যক্তিগণ কর্তৃক পবিত্র বলিয়া গৃহীত কোন বস্তু বিনষ্ট, ক্ষতিগ্রস্ত বা অপবিত্র এই অভিপ্রায়ে করে যে তদ্দ্বারা কোন শ্রেণীর ব্যক্তিগণের ধর্মের অপমান করা হইবে অথবা ইহা জ্ঞাত থাকিয়া করে যে কোন শ্রেণীর ব্যক্তিগণ সম্ভাব্যতঃ ঐরূপ বিনষ্ট, ক্ষতি বা অপবিত্রকরণকে তাহাদের ধর্মের প্রতি অপমান বলিয়া বিবেচনা করিবে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৯৫ক। **সুচিন্তিত ও বিদ্বেষপূর্ণ কার্য যাহা কোন শ্রেণীর ধর্ম বা ধর্মীয় বিশ্বাসকে অপমান করিয়া উহার ধর্মীয় মনোভাবকে উৎপীড়িত করিবার অভিপ্রায়ে কৃত**—যেকেহ, ভারতের কোন এক শ্রেণীর নাগরিকগণের ধর্মীয় মনোভাবকে উৎপীড়িত করিবার সুচিন্তিত ও বিদ্বেষপূর্ণ অভিপ্রায়ে, [১][কথিত বা লিখিত শব্দ দ্বারা বা সংকেত চিহ্ন দ্বারা বা দৃশ্যমান প্রতিরূপণ দ্বারা বা অন্যথা] ঐ শ্রেণীর ধর্ম বা ধর্মীয় বিশ্বাসকে অপমান করে বা অপমান করিবার প্রচেষ্টা করে, সে [২][তিন বৎসর] পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৯৬। **ধর্মীয় সমাবেশে গোলযোগ করা**—যেকেহ কোন ধর্মীয় উপাসনা বা ধর্মীয় অনুষ্ঠান সম্পাদনে বিধিসম্মতভাবে ব্যাপৃত কোন সমাবেশে স্বেচ্ছাকৃতভাবে গোলযোগ বাধায়, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৯৭। **গোরস্থান ইত্যাদিতে অনধিকার প্রবেশ**—যেকেহ, কোন ব্যক্তির মনোভাবকে আহত করিবার বা কোন ব্যক্তির ধর্মকে অপমান করিবার অভিপ্রায়ে বা তদ্দ্বারা কোন ব্যক্তির মনোভাব সম্ভাব্যতঃ আহত হইবে বা কোন ব্যক্তির ধর্ম অপমানিত হইবে, ইহা জ্ঞাত থাকিয়া,

কোন উপাসনাস্থলে বা কোন সমাধিক্ষেত্রে, অথবা অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদনের জন্য বা মৃতের দেহাবশেষের রক্ষণস্থল রূপে পৃথকভাবে রক্ষিত কোন স্থানে কোন অনধিকার প্রবেশ সংঘটিত করে অথবা কোন মনুষ্য শবের প্রতি কোন অমর্যদা প্রদর্শন করে বা অন্ত্যেষ্টি ক্রিয়া সম্পাদনের জন্য সমবেত ব্যক্তিগণের সহিত গোলযোগ বাধায়,

সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

২৯৮। **ধর্মীয় মনোভাবকে আহত করিবার জন্য সুচিন্তিত অভিপ্রায়ে শব্দ উচ্চারণ করা, ইত্যাদি**—যেকেহ কোন ব্যক্তির ধর্মীয় মনোভাবকে আহত করিবার জন্য সুচিন্তিত অভিপ্রায়ে ঐ ব্যক্তির শ্রুতিগোচরে কোনও শব্দ উচ্চারণ করে বা কোনওরূপ ধ্বনি করে অথবা ঐ ব্যক্তির দৃষ্টিগোচরে কোনরূপ অঙ্গভঙ্গি করে বা ঐ ব্যক্তির দৃষ্টিগোচরে কোন বস্তু স্থাপন করে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

---

১। ১৯৬১-র ৪১ আইন, ৩ ধারা দ্বারা কতিপয় শব্দের স্থলে প্রতিস্থাপিত।

২। ১৯৬১-র ৪১ আইন, ৩ ধারা দ্বারা, "দুই বৎসর"-এর স্থলে প্রতিস্থাপিত।

## অধ্যায় ১৬

## মনুষ্য শরীরকে প্রভাবিত করে এরূপ অপরাধ বিষয়ে
## প্রাণসঙ্কটকারী অপরাধ বিষয়ে

২৯৯। **দোষাবহ নরহত্যা**—যেকেহ মৃত্যু ঘটানোর অভিপ্রায়ে বা এরূপ শারীরিক হানি যাহা সম্ভাব্যতঃ মৃত্যু ঘটাইতে পারে তাহা ঘটানোর অভিপ্রায়ে কোন কার্য করিয়া, অথবা ঐরূপ কার্যের দ্বারা সে সম্ভাব্যতঃ মৃত্যু ঘটাইবে এই জ্ঞানে উহা করিয়া, মৃত্যু ঘটায়, সে দোষাবহ নরহত্যার অপরাধ সংঘটিত করে।

**দৃষ্টান্ত**

(ক) ক কোন গর্তের উপর কঞ্চি ও তৃণ বিছাইয়া রাখে এই অভিপ্রায়ে যে হয় তদ্দ্বারা মৃত্যু ঘটাইবে বা এই জ্ঞানে যে তদ্দ্বারা মৃত্যু ঘটিত হওয়া সম্ভাব্য। য ঐ ভূমি দৃঢ় বলিয়া বিশ্বাস করিয়া উহার উপর পদক্ষেপ করে, উহার মধ্যে পতিত হয় ও নিহত হয়। ক দোষাবহ নরহত্যার অপরাধ সংঘটিত করিয়াছে।

(খ) ক জানে যে য একটি ঝোপের পিছনে রহিয়াছে। খ ইহা জানে না। ক, য-এর মৃত্যু ঘটানোর অভিপ্রায়ে বা য-এর মৃত্যু ঘটিত হওয়া সম্ভাব্য জানিয়া, খ-কে ঝোপের দিকে গুলি নিক্ষেপ করিতে প্ররোচিত করে। খ গুলি নিক্ষেপ করে এবং য-কে নিধন করে। এ স্থলে, খ কোন অপরাধে দোষী না হইতে পারে ; কিন্তু ক দোষাবহ নরহত্যার অপরাধ সংঘটিত করিয়াছে।

(গ) ক একটি মোরগকে মারিবার ও চুরি করিবার অভিপ্রায়ে উহার দিকে গুলি নিক্ষেপ করিয়া খ, যে একটি ঝোপের পিছনে ছিল তাহকে নিধন করে। ক জানিত না যে খ সেখানে ছিল। এস্থলে, যদিও ক একটি বিধিবিরুদ্ধ কার্য করিতেছিল তথাপি সে দোষাবহ নরহত্যার জন্য দোষী ছিল না, যেহেতু সে খ-কে হত্যা করিবার বা এরূপ কোন কার্য যাহাতে মৃত্যু ঘটিত হওয়া সম্ভাব্য বলিয়া সে জানিত তাহা করিয়া মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে করে নাই।

**ব্যাখ্যা ১**—কোন ব্যক্তি যে, অপর যে ব্যক্তি কোন ব্যাধি, রোগ বা অশক্ততায় কষ্ট পাইতেছে তাহার শারীরিক হানি ঘটায় এবং তদ্দ্বারা ঐ অপর ব্যক্তির মৃত্যু ত্বরান্বিত করে, সে তাহার মৃত্যু ঘটাইয়াছে বলিয়া গণ্য হইবে।

**ব্যাখ্যা ২**—যেক্ষেত্রে শারীরিক হানি দ্বারা মৃত্যু ঘটানো হয়, সেক্ষেত্রে যে ব্যক্তি ঐরূপ শারীরিক হানি ঘটায় সে ঐ মৃত্যু ঘটাইয়াছিল বলিয়া গণ্য হইবে, যদিও যথাযথ প্রতিকার ও দক্ষ চিকিৎসার আশ্রয় লইয়া ঐ মৃত্যু নিবারণ করা যাইতে পারিত।

**ব্যাখ্যা ৩**—মাতৃগর্ভে কোন শিশুর মৃত্যু ঘটানো নরহত্যা নহে। কিন্তু, কোন জীবিত শিশুর মৃত্যু ঘটানো দোষাবহ নরহত্যার পর্যায়ভুক্ত হইতে পারে যদি ঐ শিশুর কোনও অংশ প্রসূত হইয়া থাকে, যদিও ঐ শিশু শ্বাস-প্রশ্বাস না-ও লইয়া থাকে বা ঐ শিশু সম্পূর্ণরূপে ভূমিষ্ঠ না-ও হয়।

৩০০। **হত্যা**—অতঃপর অত্র ব্যতিক্রান্ত ক্ষেত্রসমূহ ব্যতীত, দোষাবহ নরহত্যা হত্যা হয়, যদি ঐরূপ কার্য যদ্দারা মৃত্যু ঘটানো হয় তাহা মৃত্যু ঘটাইবার অভিপ্রায়েই কৃত হয়, অথবা—

*দ্বিতীয়ত*—যদি উহা এরূপ শারীরিক হানি ঘটাইবার অভিপ্রায়ে কৃত হয় যাহাতে, যে ব্যক্তির অপহানি ঘটানো হইয়াছে, তাহার মৃত্যু ঘটিত হওয়া সম্ভাব্য বলিয়া অপরাধকারী জানে, অথবা

*তৃতীয়ত*—যদি উহা কোন ব্যক্তির শারীরিক হানি ঘটানোর অভিপ্রায়ে কৃত হয় এবং যে শারীরিক হানি ঘটানো অভিপ্রেত তাহা মৃত্যু ঘটানোর পক্ষে সাধারণ স্বাভাবিক অনুক্রমে পর্যাপ্ত হয়, অথবা

*চতুর্থত*—যদি ঐ কার্য সংঘটনকারী ব্যক্তি জানে যে উহা এরূপ আসন্নভাবে বিপজ্জনক যে উহা অবশ্যই, সর্বৈব সম্ভবপরভাবে, মৃত্যু ঘটাইবে, বা এরূপ শারীরিক হানি ঘটাইবে যাহাতে মৃত্যু ঘটা সম্ভাব্য এবং ঐরূপ কার্য মৃত্যু ঘটানোর বা যথাপূর্বোক্ত হানি ঘটানোর ঝুঁকি লইবার কারণ ব্যতিরেকে সংঘটিত করে।

**দৃষ্টান্ত**

(ক) ক, য-কে নিধন করিবার অভিপ্রায়ে, তাহাকে গুলি করে। য পরিণামস্বরূপ মারা যায়। ক হত্যা সংঘটিত করে।

(খ) ক, য এরূপ কোন রোগে কষ্ট পাইতেছে যে মুষ্টাঘাতে তাহার মৃত্যু ঘটা সম্ভাব্য—ইহা জানিয়া, শারীরিক হানি ঘটানোর অভিপ্রায়ে তাহাকে মুষ্টাঘাত করে। য ঐ মুষ্টাঘাতের পরিণামস্বরূপ মারা যায়। ক হত্যার জন্য দোষী যদিও সাধারণ স্বাভাবিক অনুক্রমে ঐ মুষ্টাঘাত সুস্বাস্থ্যের অধিকারী কোন ব্যক্তির মৃত্যু ঘটানোর পক্ষে পর্যাপ্ত নাও হইয়া থাকিতে পারে। কিন্তু যদি ক, য কোন রোগে কষ্ট পাইতেছে বলিয়া না জানিয়া, তাহাকে ঐরূপ এক মুষ্টাঘাত করে যে মুষ্টাঘাতে সাধারণ স্বাভাবিক অনুক্রমে সুস্বাস্থ্যের অধিকারী কোন ব্যক্তির নিধন হইত না, তাহা হইলে, এস্থলে ক, যদিও সে শারীরিক হানি ঘটানোর অভিপ্রায় করিয়া থাকিতে পারে তথাপি, হত্যার জন্য দোষী নহে, যদি সে মৃত্যু ঘটানোর অভিপ্রায় বা যে শারীরিক হানি সাধারণ স্বাভাবিক অনুক্রমে মৃত্যু ঘটাইতে পারে তাহা ঘটানোর অভিপ্রায় না করিয়া থাকে।

(গ) ক সাভিপ্রায়ে য-কে অসির বা লগুড়ের এরূপ আঘাত করে যাহা সাধারণ স্বাভাবিক অনুক্রমে কোন মানুষের মৃত্যু ঘটানোর পক্ষে পর্যাপ্ত। য পরিণামস্বরূপ মারা যায়। এস্থলে ক হত্যার জন্য দোষী, যদিও সে য-এর মৃত্যু ঘটানোর অভিপ্রায় না করিয়া থাকিতে পারে।

(ঘ) ক কোন কারণব্যতিরেকে একদল লোকের ভীড়ের উপর কোন গোলাভর্তি কামান দাগে এবং তাহাদের ভিতর একজনকে নিধন করে। ক হত্যার জন্য দোষী, যদিও কোন বিশেষ ব্যক্তিকে নিধন করিবার কোন পূর্বচিন্তিত অভিসন্ধি ক-এর না-ও থাকিতে পারে।

*ব্যতিক্রম* ১—**কখন দোষাবহ নরহত্যা হত্যা নহে।**—দোষাবহ নরহত্যা হত্যা নহে যদি অপরাধকারী গুরুতর ও আকস্মিক উৎক্ষোভন দ্বারা আত্মনিয়ন্ত্রণের শক্তি বিরহিত হইয়া, যে ব্যক্তি উৎক্ষোভন প্রদান করিয়াছিল তাহার মৃত্যু ঘটায় অথবা ভুলবশত বা দুর্ঘটনাবশত অন্য কোন ব্যক্তির মৃত্যু ঘটায়।

উপরি-উক্ত ব্যতিক্রম নিম্নলিখিত অনুবিধিসমূহের অধীন ঃ—

*প্রথমত*—ঐ উৎক্ষোভন কোন ব্যক্তিকে নিধন করিবার বা কোন ব্যক্তির অপহানি করিবার জন্য কারণরূপে অপরাধকারী কর্তৃক ঈপ্সিত হয় নাই বা স্বেচ্ছাকৃতভাবে উৎক্ষোভিত হয় নাই।

*দ্বিতীয়ত*—ঐ উৎক্ষোভন, বিধি মাননাক্রমে কৃত কোন কিছুর দ্বারা, বা কোন লোক কৃত্যকারী কর্তৃক ঐরূপ লোক কৃত্যকারীর ক্ষমতার বিধিসম্মত প্রয়োগে, প্রদত্ত হয় নাই।

*তৃতীয়ত*—ঐ উৎক্ষোভন ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকারের বিধিসম্মত প্রয়োগে কৃত কোনকিছুর দ্বারা প্রদত্ত হয় নাই।

**ব্যাখ্যা**—ঐ উৎক্ষোভন অপরাধটির হত্যার পর্যায়ভুক্ত হওয়া রোধ করিবার পক্ষে যথেষ্ট গুরুতর ও আকস্মিক ছিল কি না তাহা একটি তথ্যগত প্রশ্ন।

**দৃষ্টান্ত**

(ক) ক, য কর্তৃক প্রদত্ত উৎক্ষোভন দ্বারা উত্তেজিত হইয়া, ভাবাবেগবশে, য-এর সন্তান ম-কে সাভিপ্রায়ে নিধন করে। ইহা হত্যা, যেহেতু ঐ উৎক্ষোভন ঐ সন্তান কর্তৃক প্রদত্ত হয় নাই এবং ঐ সন্তানের মৃত্যু ঐ উৎক্ষোভনের দরুন কোন কার্য করিতে গিয়া দুর্ঘটনা বা দুর্ভাগ্যবশত ঘটে নাই।

(খ) ম ক-কে গুরুতর ও আকস্মিক উৎক্ষোভন প্রদান করে। ক, এই উৎক্ষোভনে য, যে তাহার নিকটে কিন্তু দৃষ্টির বাহিরে আছে, তাহাকে নিধন করিবার অভিপ্রায় না করিয়াই অথবা তাহাকে নিজেই সম্ভাব্যতঃ নিধন করিবে ইহা না জানিয়াই, ম-এর দিকে পিস্তল চালায়। ক য-কে নিধন করে। এস্থলে ক হত্যা সংঘটিত করে নাই কিন্তু কেবল দোষাবহ নরহত্যা সংঘটিত করিয়াছে।

(গ) ক, জনৈক বেলিফ য কর্তৃক বিধিসম্মতভাবে গ্রেপ্তার হয়। ঐ গ্রেপ্তারের দরুন ক আকস্মিক ও হিংস্র ভাবাবেগে উত্তেজিত হয় এবং য-কে নিধন করে। ইহা হত্যা, যেহেতু ঐ উৎক্ষোভন এরূপ কোনকিছুর দ্বারা প্রদত্ত হইয়াছিল যাহা কোন লোক কৃত্যকারী কর্তৃক তদীয় ক্ষমতা প্রয়োগে কৃত হইয়াছিল।

(ঘ) ক, কোন একজন ম্যাজিস্ট্রেট য-এর সমক্ষে সাক্ষীরূপে উপস্থিত হয়। য বলেন যে, তিনি ক-এর এজাহারের একটি কথাও বিশ্বাস করেন না এবং ক নিজেই শপথভঙ্গপূর্বক মিথ্যা সাক্ষ্য দিয়াছে। ক এই-সকল কথায় আকস্মিক ভাবাবেগে তাড়িত হয় এবং য-কে নিধন করে। ইহা হত্যা।

(ঙ) ক য-এর নাক ধরিয়া টানিবার প্রচেষ্টা করে। য, ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার প্রয়োগে, ঐরূপ করা হইতে ক-কে নিবারিত করিবার জন্য তাহাকে ধরিয়া ফেলে। ক পরিণামস্বরূপ আকস্মিক ও হিংস্র ভাবাবেগে তাড়িত হয় এবং য-কে নিধন করে। ইহা হত্যা যেহেতু ঐ উৎক্ষোভন এরূপ কোনকিছু দ্বারা প্রদত্ত হইয়াছিল যাহা ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার প্রয়োগে কৃত হইয়াছিল।

(চ) য খ-কে ঘা মারে। খ এই উৎক্ষোভন দ্বারা হিংস্র রোষে উত্তেজিত হয়। পার্শ্বে দণ্ডায়মান ক, খ-এর রোষের সুযোগ লইবার ও তৎকর্তৃক য-এর মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে, খ-এর হাতে তদুদ্দেশ্যে একটি ছুরি তুলিয়া দেয়। খ সেই ছুরি দ্বারা য-কে নিধন করে। এস্থলে খ কেবল দোষাবহ নরহত্যা সংঘটিত করিয়া থাকিতে পারে, কিন্তু ক হত্যার জন্য দোষী।

*ব্যতিক্রম ২*—দোষাবহ নরহত্যা হত্যা নহে যদি অপরাধকারী শরীর বা সম্পত্তির ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকার সরল বিশ্বাসে প্রয়োগ করিতে গিয়া, বিধি দ্বারা তাহাকে প্রদত্ত ক্ষমতা অতিক্রম করে এবং যে ব্যক্তির বিরুদ্ধে সে ঐরূপ প্রতিরক্ষার অধিকার প্রয়োগ করিতেছে সেই ব্যক্তির মৃত্যু পূর্বচিন্তন ব্যতিরেকে এবং ঐরূপ প্রতিরক্ষার প্রয়োজনে যতটুকু অপহানি আবশ্যক তাহা অপেক্ষা অধিক অপহানি করিবার অভিপ্রায় ব্যতিরেকে ঘটায়।

### দৃষ্টান্ত

য ক-কে চাবকাইবার প্রচেষ্টা করে, কিন্তু তাহা এরূপভাবে নহে যাহাতে ক-এর গুরুতর আঘাত ঘটে। ক একটি পিস্তল বাহির করে। য ঐ অভ্যাঘাত চালাইতে থাকে। ক, চাবকানি হইতে নিজেকে অন্য কোন উপায়েই নিবারিত করিতে পারিবে না বলিয়া সরল বিশ্বাসে বিশ্বাস করিয়া, য-কে গুলি করিয়া মারিয়া ফেলে। ক হত্যা সংঘটিত করে নাই কিন্তু কেবল দোষাবহ নরহত্যা সংঘটিত করিয়াছে।

*ব্যতিক্রম ৩*—দোষাবহ নরহত্যা হত্যা নহে যদি অপরাধকারী, কোন লোক কৃত্যকারী হইয়া বা লোকন্যায়ের অগ্রসারণে কার্যরত কোন লোক কৃত্যকারীকে সাহায্যকরণে, বিধি দ্বারা তাহাকে প্রদত্ত ক্ষমতাসমূহ অতিক্রম করিয়া যায় এবং এরূপ কোন কার্য করিয়া মৃত্যু ঘটায় যাহা সে বিধিসম্মত বলিয়া এবং ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাহার কর্তব্য যথাযথ নির্বাহের জন্য আবশ্যক বলিয়া সরল বিশ্বাসে বিশ্বাস করে এবং যে ব্যক্তির মৃত্যু ঘটানো হয় তাহার প্রতি বিদ্বেষ ব্যতিরেকে হয়।

*ব্যতিক্রম ৪*—দোষাবহ নরহত্যা হত্যা নহে যদি উহা কোন আকস্মিক কলহজনিত ভাবাবেগবশে কৃত কোন আকস্মিক লড়াইয়ে পূর্বচিন্তন ব্যতিরেকে এবং অপরাধকারিগণ কর্তৃক অযথোচিত সুবিধা গ্রহণ অথবা নিষ্ঠুর বা অস্বাভাবিকভাবে কার্য করা ব্যতিরেকে সংঘটিত হয়।

ব্যাখ্যা—এরূপ ক্ষেত্রে, কোন্ পক্ষ উৎক্ষোভন প্রদান করিয়াছে বা প্রথম অভ্যাঘাত সংঘটিত করিয়াছে, তাহা অবান্তর।

*ব্যতিক্রম ৫*—দোষাবহ নরহত্যা হত্যা নহে যখন, যে ব্যক্তির মৃত্যু ঘটানো হয়, সে আঠার বৎসরের অধিক বয়স্ক হয় এবং নিজ সম্মতিতে মৃত্যু হওয়া মানিয়া লয় বা মৃত্যুর ঝুঁকি লয়।

**দৃষ্টান্ত**

ক উৎপ্রেরণা দ্বারা স্বেচ্ছাকৃতভাবে, আঠার বৎসরের কম বয়স্ক ব্যক্তি য-কে আত্মহত্যা করায়। এস্থলে য অল্পবয়সের দরুন নিজের মৃত্যুর জন্য সম্মতি প্রদানে অসমর্থ ছিল ; অতএব ক হত্যার অপসহায়তা করিয়াছে।

৩০১। **যে ব্যক্তির মৃত্যু অভিপ্রেত ছিল সেই ব্যক্তি ভিন্ন অন্য ব্যক্তির মৃত্যু ঘটানোর দ্বারা দোষাবহ নরহত্যা**—যদি কোন ব্যক্তি ঐরূপ কোন কিছু, যদ্দ্বারা সে মৃত্যু ঘটাইবার অভিপ্রায় করে বা মৃত্যু ঘটানো সম্ভাব্য বলিয়া জানে, তাহা করিয়া, যে ব্যক্তির মৃত্যু ঘটাইবার অভিপ্রায় সে করে না বা সম্ভাব্যতঃ স্বয়ং ঘটাইবে বলিয়া সে জানে না তাহার মৃত্যু ঘটাইয়া দোষাবহ নরহত্যা সংঘটিত করে, তাহা হইলে, অপরাধকারী দ্বারা সংঘটিত ঐ দোষাবহ নরহত্যা সেই প্রকারেরই হইবে যে প্রকার সে, যে ব্যক্তির মৃত্যু ঘটাইবার অভিপ্রায় করিয়াছিল বা ঘটানো সম্ভাব্য বলিয়া জানিত, সেই ব্যক্তিরই মৃত্যু সে ঘটাইয়া থাকিলে হইত।

৩০২। **হত্যার জন্য দণ্ড**—যেকেহ হত্যা সংঘটিত করে, সে মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

*৩০৩। **যাবজ্জীবন কয়েদী কর্তৃক হত্যার জন্য দণ্ড**—যেকেহ যাবজ্জীবন কারাবাসের দণ্ডাধীন হইয়া হত্যা সংঘটিত করে, সে মৃত্যুদণ্ডে দণ্ডিত হইবে।

৩০৪। **হত্যার পর্যায়ভুক্ত নহে এরূপ দোষাবহ নরহত্যার জন্য দণ্ড**—যেকেহ হত্যার পর্যায়ভুক্ত নহে এরূপ দোষাবহ নরহত্যা সংঘটিত করে সে, যে কার্যের দ্বারা মৃত্যু ঘটানো হয় তাহা যদি মৃত্যু ঘটাইবার বা যাহাতে মৃত্যু ঘটানো সম্ভাব্য এরূপ শারীরিক হানি ঘটাইবার অভিপ্রায়ে কৃত হয়, তাহা হইলে, যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে ;

অথবা যদি ঐ কার্য, উহাতে যে মৃত্যু ঘটা সম্ভাব্য ইহা জ্ঞাত থাকিয়া কিন্তু মৃত্যু ঘটাইবার বা, যাহাতে মৃত্যু ঘটা সম্ভাব্য, এরূপ শারীরিক হানি ঘটাইবার অভিপ্রায় ব্যতিরেকে, কৃত হয়, তাহা হইলে, দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩০৪ক। **অবহেলা দ্বারা মৃত্যু ঘটানো**—যেকেহ এরূপ কোন হঠকারী বা অবহেলাপূর্ণ কার্য করিয়া কোন ব্যক্তির মৃত্যু ঘটায় যাহা দোষাবহ নরহত্যার পর্যায়ভুক্ত নহে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

[১][৩০৪খ। **যৌতুকী মৃত্যু**—(১) যেক্ষেত্রে কোন স্ত্রীলোকের মৃত্যু, তাহার বিবাহের সাত বৎসরের মধ্যে, পুড়াইয়া বা শারীরিক হানি করিয়া ঘটানো হয় অথবা স্বাভাবিক অবস্থাধীনে ভিন্ন অন্যথা ঘটে এবং ইহা দেখানো হয় যে সে তাহার মৃত্যুর অনতিপূর্বে স্বামী বা স্বামীর কোন আত্মীয় কর্তৃক যৌতুকের দাবিতে বা তৎসম্পর্কে কৃত নিষ্ঠুরতার বা হয়রানির অধীন হইয়াছিল, সেক্ষেত্রে ঐ মৃত্যু "যৌতুকী মৃত্যু" বলিয়া অভিহিত হইবে, এবং ঐ স্বামী বা আত্মীয় তাহার মৃত্যু ঘটাইয়াছে বলিয়া গণ্য হইবে।

**ব্যাখ্যা**—এই উপধারার প্রয়োজনার্থে, "যৌতুক"-এর সেই অর্থই থাকিবে যে অর্থ যৌতুক প্রতিষেধ আইন, (১৯৬১-র ২৮) ২ ধারায় আছে।]

---

*মিঠু-বনাম-পাঞ্জাব রাজ্য—এ.আই.আর., ১৯৮৩ এম.সি. ৪৭৩-এ, সুপ্রীম কোর্ট এই ধারাকে অসাংবিধানিক বলিয়া খারিজ করেন ও বাতিল ঘোষণা করেন।

১। ১৯৮৬-র ৪৩ আইন দ্বারা, সন্নিবেশিত (১৯.১০.১৯৮৬ হইতে কার্যকারিতাক্রমে)।

(২) যেকেহ যৌতুকী মৃত্যু সংঘটিত করে, সে সাত বৎসরের অপেক্ষা কম হইবে না কিন্তু যাবজ্জীবন কারাবাসে পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে দণ্ডিত হইবে।

৩০৫। **শিশু বা উন্মাদ ব্যক্তির আত্মহত্যায় অপসহায়তা**—যদি আঠার বৎসরের কম বয়স্ক কোন ব্যক্তি, কোন উন্মাদ ব্যক্তি, কোন বিকারগ্রস্ত ব্যক্তি, কোন জড়বুদ্ধি ব্যক্তি বা কোন মত্ততাগ্রস্ত ব্যক্তি আত্মহত্যা করে, তাহা হইলে, যেকেহ ঐ আত্মহত্যার সংঘটনে অপসহায়তা করে, সে মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসরের অধিক নহে এরূপ মেয়াদের কারাবাসে দণ্ডিত হইবে ও জরিমানারও দায়িতাধীন হইবে।

৩০৬। **আত্মহত্যায় অপসহায়তা**—যদি কোন ব্যক্তি আত্মহত্যা করে তাহা হইলে, যেকেহ ঐ আত্মহত্যার সংঘটনে অপসহায়তা করে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে ও জরিমানারও দায়িতাধীন হইবে।

৩০৭। **হত্যা করিবার প্রচেষ্টা**—যেকেহ কোন কার্য এরূপ অভিপ্রায় বা জ্ঞান লইয়া এবং এরূপ অবস্থাধীনে করে যে সে ঐ কার্যের দ্বারা মৃত্যু ঘটাইলে হত্যার জন্য দোষী হইত, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে ও জরিমানারও দায়িতাধীন হইবে ; এবং ঐরূপ কার্য দ্বারা কোন ব্যক্তির আঘাত ঘটানো হইলে অপরাধকারী হয় যাবজ্জীবন কারাবাসের অথবা ইতিপূর্বে যেরূপ উল্লিখিত হইয়াছে সেরূপ দণ্ডের দায়িতাধীন হইবে।

**যাবজ্জীবন কয়েদী কর্তৃক প্রচেষ্টা**—যখন এই ধারার অধীন অপরাধ ঘটনকারী কোন ব্যক্তি যাবজ্জীবন কারাবাসের দণ্ডাদেশাধীন হয়, তখন সে, আঘাত ঘটানো হইলে, মৃত্যুদণ্ডে দণ্ডিত হইতে পারে।

### দৃষ্টান্ত

(ক) ক, য-কে নিধন করিবার অভিপ্রায়ে এরূপ অবস্থাধীনে তাহার দিকে গুলি করে যে তাহাতে মৃত্যু ঘটিত হইলে ক হত্যার জন্য দোষী হইত। ক এই ধারা অনুযায়ী দণ্ডের দায়িতাধীন হয়।

(খ) ক একটি কচি বয়সের শিশুর মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে তাহাকে কোন নির্জন স্থানে অরক্ষিতভাবে ফেলিয়া রাখে। ক এই ধারা দ্বারা পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে, যদিও তাহাতে ঐ শিশুর মৃত্যু নাও হইতে পারে।

(গ) ক, য-কে হত্যা করিবার অভিপ্রায়ে, একটি বন্দুক ক্রয় করে এবং উহা গুলি ভর্তি করে। ক তখনও পর্যন্ত অপরাধ সংঘটিত করে নাই। ক য-এর দিকে বন্দুক চালায়। সে এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে এবং যদি ঐরূপে বন্দুক চালাইয়া সে য-কে জখম করে, তাহা হইলে, সে এই ধারার প্রথম প্যারাগ্রাফের উত্তরাংশের দ্বারা ব্যবস্থিত দণ্ডের দায়িতাধীন হয়।

(ঘ) ক, য-কে বিষ দ্বারা হত্যা করিবার অভিপ্রায়ে, বিষ ক্রয় করে ও উহা খাদ্যের সহিত মিশ্রিত করে এবং তাহা ক-এর নিকট রক্ষিত থাকে ; ক তখনও পর্যন্ত এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করে নাই। ক ঐ খাদ্য য-এর টেবিলের উপর রাখিয়া দেয় অথবা উহা য-এর টেবিলের উপর রাখিয়া দিবার জন্য য-এর ভৃত্যগণকে উহা অর্পণ করে। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

৩০৮। **দোষাবহ নরহত্যা সংঘটিত করিবার প্রচেষ্টা**—যেকেহ কোন কার্য এই অভিপ্রায় বা জ্ঞান লইয়া এবং এরূপ অবস্থাধীনে করে যে সে ঐ কার্যের দ্বারা মৃত্যু ঘটাইলে হত্যার পর্যায়ভুক্ত নহে এরূপ দোষাবহ নরহত্যার জন্য দোষী হইত, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে ; এবং ঐরূপ কার্য দ্বারা কোন ব্যক্তির আঘাত ঘটানো হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**দৃষ্টান্ত**

ক, গুরুতর ও আকস্মিক উৎক্ষোভনবশতঃ য-এর দিকে এরূপ অবস্থাধীনে পিস্তল চালায় যে সে তদ্দ্বারা মৃত্যু ঘটাইলে হত্যার পর্যায়ভুক্ত নহে এরূপ দোষাবহ নরহত্যার জন্য দোষী হইত। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

৩০৯। **আত্মহত্যা করিবার প্রচেষ্টা**—যেকেহ আত্মহত্যা করিবার প্রচেষ্টা করে এবং ঐরূপ অপরাধ সংঘটন করিতে গিয়া কোন কার্য করে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩১০। **ঠগ**—যেকেহ, এই আইন গৃহীত হইবার পর যেকোন সময়ে, হত্যার দ্বারা বা হত্যা সহযোগে দস্যুতা বা শিশু-হরণ সংঘটিত করিবার উদ্দেশ্যে অন্য বা অন্যান্য কাহারও সহিত অভ্যাসতঃ সহযুক্ত থাকে, সে একজন ঠগ।

৩১১। **দণ্ড**—যেকেহ ঠগ হইবে, সে যাবজ্জীবন কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

## গর্ভপাত ঘটানো বিষয়ে, অজাত শিশুর হানি করা বিষয়ে, শিশুকে অরক্ষিতভাবে ফেলিয়া রাখা বিষয়ে, এবং জন্ম গোপন করা বিষয়ে

৩১২। **গর্ভপাত ঘটানো**—যেকেহ স্বেচ্ছাকৃতভাবে কোন সন্তানসম্ভবা স্ত্রীলোকের গর্ভপাত ঘটায় সে, ঐরূপ গর্ভপাত ঐ স্ত্রীলোকের জীবন রক্ষার প্রয়োজনার্থে সরল বিশ্বাসে ঘটানো না হইয়া থাকিলে, তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে ; এবং ঐ স্ত্রীলোক স্পন্দন-গর্ভা হইলে, সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা**—যে স্ত্রীলোক নিজের গর্ভপাত ঘটায়, সে এই ধারার অর্থাধীন হয়।

৩১৩। **স্ত্রীলোকের সম্মতি ব্যতিরেকেই গর্ভপাত ঘটানো**—যেকেহ অন্তিম পূর্ববর্তী ধারায় পরিভাষিত অপরাধ ঐ স্ত্রীলোকের সম্মতি ব্যতিরেকে সংঘটিত করে সে, ঐ স্ত্রীলোক স্পন্দন-গর্ভা হউক বা না হউক, যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩১৪। **গর্ভপাত ঘটানোর অভিপ্রায়ে কৃত কার্য দ্বারা ঘটিত মৃত্যু**—যেকেহ কোন সন্তানসম্ভবা স্ত্রীলোকের গর্ভপাত ঘটানোর অভিপ্রায়ে এরূপ কোন কার্য করে যাহা ঐ স্ত্রীলোকের মৃত্যু ঘটায়, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে ;

**যদি ঐ কার্য স্ত্রীলোকের সম্মতি ব্যতিরেকে কৃত হয়**—এবং যদি ঐ কার্য ঐ স্ত্রীলোকের সম্মতি ব্যতিরেকে কৃত হয়, তাহা হইলে, সে হয় যাবজ্জীবন কারাবাসে বা উপরে উল্লিখিত দণ্ডে দণ্ডিত হইবে।

**ব্যাখ্যা**—এই অপরাধের ক্ষেত্রে ইহা অত্যাবশ্যক নহে যে ঐ কার্যে মৃত্যু ঘটিত হওয়া যে সম্ভাব্য তাহা অপরাধীকে জানিতে হইবে।

৩১৫। **শিশুকে জীবিত অবস্থায় জন্মগ্রহণ করা হইতে নিবারিত করিবার বা জন্মের পর উহার মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে কৃত কার্য**—যেকেহ কোন শিশুর জন্মের পূর্বে কোন কার্য, তদ্দারা ঐ শিশুকে জীবিত অবস্থায় জন্মগ্রহণ করা হইতে নিবারিত করিবার বা উহার জন্মের পর উহার মৃত্যু ঘটাইবার অভিপ্রায়ে করে এবং ঐরূপ কার্য দ্বারা ঐ শিশুকে জীবিত অবস্থায় জন্মগ্রহণ করা হইতে নিবারিত করে বা উহার জন্মের পর উহার মৃত্যু ঘটায় সে, ঐরূপ কার্য মাতার জীবন রক্ষার প্রয়োজনার্থে সরল বিশ্বাসে ঘটানো না হইয়া থাকিলে, দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩১৬। **দোষাবহ নরহত্যার পর্যায়ভুক্ত কার্য দ্বারা সম্পন্দ-অজাত শিশুর মৃত্যু ঘটানো**—যেকেহ কোন কার্য এরূপ অবস্থাধীনে করে যে সে, যদি তদ্দারা মৃত্যু ঘটাইত, তাহা হইলে, দোষাবহ নরহত্যার জন্য দোষী হইত, এবং ঐরূপ কার্যের দ্বারা কোন সম্পন্দ-অজাত শিশুর মৃত্যু ঘটায়, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

দৃষ্টান্ত

ক, সে যে কোন গর্ভবতী স্ত্রীলোকের সম্ভাব্যতঃ মৃত্যু ঘটাইবে ইহা জানিয়া, এরূপ কোন কার্য করে যাহা, যদি উহা ঐ স্ত্রীলোকের মৃত্যু ঘটাইত, তাহা হইলে, দোষাবহ নরহত্যার পর্যায়ভুক্ত হইত। ঐ স্ত্রীলোক আহত হয়, কিন্তু মারা যায় না ; কিন্তু তদ্দারা, যে অজাত সম্পন্দ শিশু ঐ স্ত্রীলোকের গর্ভে থাকে, তাহার মৃত্যু ঘটিত হয়। ক এই ধারায় পরিভাষিত অপরাধের জন্য দোষী।

৩১৭। **বার বৎসরের কম বয়স্ক শিশুকে পিতা বা মাতা অথবা উহার তত্ত্বাবধায়ক ব্যক্তি কর্তৃক অরক্ষিতভাবে ফেলিয়া রাখা ও পরিত্যাগ করা**—যেকেহ বার বৎসরের কম বয়স্ক কোন শিশুর পিতা বা মাতা হইয়া বা ঐ শিশুর তত্ত্বাবধায়ক হইয়া ঐ শিশুকে সম্পূর্ণরূপে পরিত্যাগ করিবার অভিপ্রায়ে কোনও স্থানে অরক্ষিতভাবে ফেলিয়া বা ছাড়িয়া যাইবে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**ব্যাখ্যা**—এই ধারা হত্যা বা, স্থলবিশেষে, দোষাবহ নরহত্যার জন্য অপরাধীর বিচার নিবারণ কল্পে অভিপ্রেত নহে, যদি অরক্ষিতভাবে ফেলিয়া রাখার পরিণামস্বরূপ ঐ শিশু মারা যায়।

৩১৮। **মৃতদেহের গুপ্ত অপসারণ দ্বারা জন্ম গোপন করা**—যেকেহ কোন শিশুর মৃতদেহ, ঐ শিশু, জন্মের পূর্বে বা পরে বা জন্মানোর কালে, যখনই মারা গিয়া থাকুক না কেন, গুপ্তভাবে গোর দিয়া বা অন্যথা অপসারণ করিয়া ঐ শিশুর জন্ম সাভিপ্রায়ে গোপন করে বা গোপন করার প্রয়াস করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## আঘাত বিষয়ে

৩১৯। **আঘাত**—যেকেহ কোন ব্যক্তির শারীরিক যন্ত্রণা, রোগ বা অশক্ততা ঘটায়, সে আঘাত ঘটায় বলা হয়।

৩২০। **গুরুতর আঘাত**—কেবল নিম্নলিখিত প্রকারের আঘাত "গুরুতর" বলিয়া আখ্যাত হইবে ঃ—

*প্রথমত*—পুরুষত্বরহিতকরণ।

*দ্বিতীয়ত*— যেকোন চক্ষুর দৃষ্টিশক্তির স্থায়ী অপনয়ন।

*তৃতীয়ত*—যেকোন কর্ণের শ্রবণশক্তির স্থায়ী অপনয়ন।

*চতুর্থত*—যেকোন অঙ্গ বা অস্থিসন্ধির অপনয়ন।

*পঞ্চমত*—যেকোন অঙ্গ বা অস্থিসন্ধির শক্তির বিনাশ বা স্থায়ী ক্ষতিসাধন।

*ষষ্ঠত*—মস্তক বা মুখমণ্ডলের স্থায়ী বিকৃতিসাধন।

*সপ্তমত*—কোন অস্থি বা দন্ত ভঙ্গকরণ বা স্থানচ্যুতিকরণ।

*অষ্টমত*—এরূপ কোন আঘাতকরণ যাহা জীবন বিপন্ন করে বা যাহা অবসহনকারীকে কুড়ি দিন ব্যাপিয়া তীব্র শারীরিক যন্ত্রণায় রাখে বা তাহার সাধারণ কাজকর্ম করিতে অসমর্থ করিয়া দেয়।

৩২১। **স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটানো**—যেকেহ কোন কার্য তদ্দ্বারা কোন ব্যক্তির আঘাত ঘটাইবার অভিপ্রায়ে বা তদ্দ্বারা সে সম্ভাব্যতঃ কোন ব্যক্তির আঘাত ঘটাইবে এই জ্ঞান লইয়া করে, এবং তদ্দ্বারা কোন ব্যক্তির আঘাত ঘটায়, সে "স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটায়" বলা হয়।

৩২২। **স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটানো**—যেকেহ স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটায়, যে আঘাত সে ঘটাইবার অভিপ্রায় করে বা স্বয়ং ঘটাইবে ইহা সম্ভাব্য বলিয়া জানে তাহা যদি গুরুতর আঘাত হয় এবং যে আঘাত সে ঘটায় তাহা যদি গুরুতর আঘাত হয় তাহা হইলে, সে "স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায়" বলা হয়।

**ব্যাখ্যা**—কোন ব্যক্তি স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায় তখন ব্যতীত বলা যায় না যখন সে একাধারে গুরুতর আঘাত ঘটায় এবং গুরুতর আঘাত ঘটাইবার অভিপ্রায়ও করে বা গুরুতর আঘাত সে স্বয়ং ঘটাইবে ইহা সম্ভাব্য বলিয়া জানে। কিন্তু সে স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায় বলা যায়, যদি সে একপ্রকারের গুরুতর আঘাত ঘটাইবার অভিপ্রায় করিয়া বা স্বয়ং ঘটাইবে ইহা সম্ভাব্য বলিয়া জানিয়া, প্রকৃতপক্ষে অন্য একপ্রকারের গুরুতর আঘাত ঘটায়।

দৃষ্টান্ত

ক, য-এর মুখমণ্ডল স্থায়ীভাবে বিকৃত করিবার অভিপ্রায়ে বা বিকৃত করা সম্ভাব্য জানিয়া, য-কে মুষ্টাঘাত করে যাহা য-এর মুখমণ্ডল স্থায়ীভাবে বিকৃত করে না, কিন্তু য-কে কুড়ি দিনের জন্য তীব্র শারীরিক যন্ত্রণা অবসহন করায়। ক স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটাইয়াছে।

৩২৩। **স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটানোর জন্য দণ্ড**—যেকেহ ৩৩৪ ধারা দ্বারা ব্যবস্থিত ক্ষেত্রে ব্যতীত স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটায়, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩২৪। **বিপজ্জনক অস্ত্র দ্বারা বা পন্থায় স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটানো**—যেকেহ ৩৩৪ ধারা দ্বারা ব্যবস্থিত ক্ষেত্রে ব্যতীত গুলি করিবার, ছুরিকাঘাত করিবার বা কাটিবার কোন সাধিত্রের দ্বারা অথবা যে সাধিত্র আক্রমণের অস্ত্ররূপে ব্যবহৃত হইলে মৃত্যু সম্ভাব্যতঃ ঘটাইতে পারে তাহার দ্বারা অথবা অগ্নি বা কোন উত্তপ্ত পদার্থ দ্বারা অথবা কোন বিষ বা কোন ক্ষয়কারক পদার্থ দ্বারা অথবা কোন বিস্ফোরক পদার্থ দ্বারা অথবা যে পদার্থ শ্বসন করা বা গলাধঃকরণ করা বা রক্তে গ্রহণ করা মানব শরীরের পক্ষে অপকারক তাহার দ্বারা অথবা কোন পশুর দ্বারা স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটায়, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩২৫। **স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটানোর জন্য দণ্ড**—যেকেহ ৩৩৫ ধারা দ্বারা ব্যবস্থিত ক্ষেত্রে ব্যতীত স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায়, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩২৬। **বিপজ্জনক অস্ত্র দ্বারা বা পন্থায় স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটানো**—যেকেহ ৩৩৫ ধারা দ্বারা ব্যবস্থিত ক্ষেত্রে ব্যতীত গুলি করিবার, ছুরিকাঘাত করিবার বা কাটিবার কোন সাধিত্রের দ্বারা অথবা যে সাধিত্র আক্রমণের অস্ত্ররূপে ব্যবহৃত হইলে মৃত্যু সম্ভাব্যতঃ ঘটাইতে পারে তাহার দ্বারা অথবা অগ্নি বা কোন উত্তপ্ত পদার্থ দ্বারা অথবা কোন বিষ বা কোন ক্ষয়কারক পদার্থ দ্বারা অথবা কোন বিস্ফোরক পদার্থ দ্বারা অথবা যে পদার্থ শ্বসন করা বা গলাধঃকরণ করা বা রক্তে গ্রহণ করা মানব শরীরের পক্ষে অপকারক তাহার দ্বারা অথবা কোন পশুর দ্বারা স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায়, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩২৭। **সম্পত্তি বলপূর্বক আদায় করিবার জন্য বা কোন অবৈধ কার্য করিতে বাধ্য করিবার জন্য স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটানো**—যেকেহ স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটায় এই উদ্দেশ্য যে অবসহনকারীর নিকট হইতে বা অবসহনকারীর সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তির নিকট হইতে কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি সে বলপূর্বক আদায় করিবে অথবা অবসহনকারীকে বা ঐ অবসহনকারীর সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তিকে যাহা অবৈধ বা যাহা কোন অপরাধের সংঘটন সহজতর করিতে পারে এরূপ কোন কিছু করিতে সে, বাধ্য করিবে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩২৮। **কোন অপরাধ সংঘটনের অভিপ্রায়ে বিষ ইত্যাদির দ্বারা আঘাত ঘটানো**—যেকেহ কোন ব্যক্তির উপর কোনও বিষ বা কোন চেতনাহারক মাদক বা অস্বাস্থ্যকর ভেষজ বা অন্য বস্তু ঐ ব্যক্তির আঘাত ঘটাইবার বা কোন অপরাধ সংঘটন করিবার বা কোন অপরাধের সংঘটন সহজতর করিবার অভিপ্রায়ে বা তদ্দ্বারা সে সম্ভাব্যতঃ আঘাত ঘটাইবে জানিয়া প্রয়োগ করে বা তাহাকে খাওয়ায়, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন এক প্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩২৯। **সম্পত্তি বলপূর্বক আদায় করিবার জন্য বা অন্য অবৈধ কার্য করিবার জন্য স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটানো**—যেকেহ স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায় এই উদ্দেশ্যে যে অবসহনকারীর নিকট হইতে বা অবসহনকারীর সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তির নিকট হইতে কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি সে বলপূর্বক আদায় করিবে অথবা অবসহনকারীকে বা অবসহনকারীর সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তিকে যাহা অবৈধ বা যাহা কোন অপরাধের সংঘটন সহজতর করিতে পারে এরূপ কোন কিছু করিতে সে বাধ্য করিবে, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৩০। **স্বীকারোক্তি বলপূর্বক আদায় করিবার জন্য বা সম্পত্তির প্রত্যর্পণ বাধ্য করিবার জন্য স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটানো**—যেকেহ স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটায় এই উদ্দেশ্যে যে, যে স্বীকারোক্তি বা তথ্য কোন অপরাধ বা অসদাচরণ উদ্‌ঘাটনের দিকে চালিত করিতে পারে, তাহা অবসহনকারীর নিকট হইতে বা অবসহনকারীর সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তির নিকট হইতে সে বলপূর্বক আদায় করিবে অথবা কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি প্রত্যর্পণ করিতে বা প্রত্যর্পণ করাইতে অথবা কোন দাবি বা চাহিদা মিটাইতে অথবা যে তথ্য কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি প্রত্যর্পণ করাইবার দিকে চালিত করিতে পারে তাহা প্রদান করিতে অবসহনকারীকে বা অবসহনকারীর সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তিকে সে বাধ্য করিবে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**দৃষ্টান্ত**

(ক) জনৈক পুলিশ আধিকারিক ক য-কে কোন অপরাধ সে সংঘটিত করিয়াছিল এই স্বীকারোক্তি করিতে প্ররোচিত করিবার উদ্দেশ্যে উৎপীড়ন করে। ক এই ধারার অধীন অপরাধের জন্য দোষী।

(খ) জনৈক পুলিশ আধিকারিক ক খ-কে কোন অপহৃত সম্পত্তি কোথায় রাখিয়া দেওয়া হইয়াছে তাহা দেখাইয়া দিবার জন্য তাহাকে প্ররোচিত করিবার উদ্দেশ্যে উৎপীড়ন করে। ক এই ধারার অধীনে অপরাধের জন্য দোষী।

(গ) জনৈক রাজস্ব আধিকারিক ক য-কে য-এর নিকট হইতে প্রাপ্য রাজস্বের কোন বকেয়া প্রদান করিতে তাহাকে বাধ্য করিবার উদ্দেশ্যে উৎপীড়ন করে। ক এই ধারার অধীন অপরাধের জন্য দোষী।

(ঘ) জনৈক জমিদার ক কোন রায়তকে তাহার খাজনা প্রদান করিতে তাহাকে বাধ্য করিবার উদ্দেশ্যে উৎপীড়ন করে। ক এই ধারার অধীন অপরাধের জন্য দোষী।

৩৩১। **স্বীকারোক্তি বলপূর্বক আদায় করিবার জন্য বা সম্পত্তির প্রত্যর্পণ বাধ্য করিবার জন্য স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটানো**—যেকেহ স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায় এই উদ্দেশ্যে যে, যে স্বীকারোক্তি বা তথ্য কোন অপরাধ বা অসদাচরণ উদ্‌ঘাটনের দিকে চালিত করিতে পারে, তাহা অবসহনকারীর নিকট হইতে বা অবসহনকারীর সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তির নিকট হইতে সে বলপূর্বক আদায় করিবে অথবা কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি প্রত্যর্পণ করিতে বা প্রত্যর্পণ করাইতে অথবা কোন দাবি বা চাহিদা মিটাইতে অথবা যে তথ্য কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি প্রত্যর্পণ করাইবার দিকে চালিত করিতে পারে তাহা প্রদান করিতে অবসহনকারীকে বা অবসহনকারীর সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তিকে সে বাধ্য করিবে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৩২। **লোক কৃত্যকারীকে তদীয় কর্তব্য হইতে নিবৃত্ত করিবার জন্য স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটানো**—যেকেহ, যিনি কোন লোক কৃত্যকারী এরূপ ব্যক্তির প্রতি, ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাঁহার কর্তব্য নির্বাহে অথবা ঐ ব্যক্তিকে বা অন্য কোন লোক কৃত্যকারীকে ঐরূপ লোককৃত্যকারীরূপে তাঁহার কর্তব্য নির্বাহ করা হইতে নিবারিত বা নিবৃত্ত করিবার অভিপ্রায়ে অথবা ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাঁহার কর্তব্যের বিধিসম্মত নির্বাহে ঐ ব্যক্তি কর্তৃক কৃত বা কৃত হইবার জন্য প্রচেষ্টিত কোন কিছুর পরিণামে, স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটায়, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৩৩। **লোক কৃতকারীকে তদীয় কর্তব্য হইতে নিবৃত্ত করিবার জন্য স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটানো**—যেকেহ, যিনি কোন লোক কৃত্যকারী এরূপ ব্যক্তির প্রতি, এরূপ লোককৃত্যকারীরূপে তাঁহার কর্তব্য নির্বাহে অথবা ঐ ব্যক্তিকে বা অন্য কোন লোক কৃত্যকারীকে ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাঁহার কর্তব্য নির্বাহ করা হইতে নিবারিত বা নিবৃত্ত করিবার অভিপ্রায়ে অথবা ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাঁহার কর্তব্যের বিধিসম্মত নির্বাহে ঐ ব্যক্তি কর্তৃক কৃত বা কৃত হইবার জন্য প্রচেষ্টিত কোন কিছুর পরিণামে, স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায়, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৩৪। **উৎক্ষোভনবশত স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটানো**—যেকেহ গুরুতর ও আকস্মিক উৎক্ষোভনবশত স্বেচ্ছাকৃতভাবে আঘাত ঘটায়, যদি সে, যে ব্যক্তি ঐরূপ উৎক্ষোভন প্রদান করিয়াছিল সেই ব্যক্তি ভিন্ন অন্য কোন ব্যক্তির প্রতি আঘাত ঘটানোর অভিপ্রায় না করে বা স্বয়ং আঘাত ঘটাইবে ইহা সম্ভাব্য বলিয়া না জানে, তাহা হইলে, সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা পাঁচশত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৩৫। **উৎক্ষোভনবশত স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটানো**—যেকেহ গুরুতর ও আকস্মিক উৎক্ষোভনবশত স্বেচ্ছাকৃতভাবে গুরুতর আঘাত ঘটায়, যদি সে, যে ব্যক্তি ঐরূপ উৎক্ষোভন প্রদান করিয়াছিল সেই ব্যক্তি ভিন্ন অন্য কোন ব্যক্তির প্রতি গুরুতর আঘাত ঘটানোর অভিপ্রায় না করে বা স্বয়ং গুরুতর আঘাত ঘটাইবে ইহা সম্ভাব্য বলিয়া না জানে, তাহা হইলে, সে চার বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা দুই হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**ব্যাখ্যা**—শেষ দুই ধারা ৩০০ ধারার ব্যতিক্রম ১-এর ন্যায় একই অনুবিধিসমূহের অধীন হইবে।

৩৩৬। **কোন কার্য যাহা জীবন বা অন্যের ব্যক্তিগত নিরাপত্তা বিপন্ন করে**—যেকেহ কোন কার্য এরূপ হঠকারিতাবশত বা অবহেলাপূর্বক করে যাহাতে মানব জীবন বা অন্যের ব্যক্তিগত নিরাপত্তা বিপন্ন হয়, সে তিন মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন এক প্রকার কারাবাসে বা দুই শত পঞ্চাশ টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৩৭। **এরূপ কোন কার্য দ্বারা আঘাত ঘটানো যাহা জীবন বা অন্যের ব্যক্তিগত নিরাপত্তা বিপন্ন করে**—যেকেহ কোন কার্য এরূপ হঠকারিতাবশত বা অবহেলাপূর্বক করিয়া কোন ব্যক্তির প্রতি আঘাত ঘটায় যাহাতে মানব জীবন বা অন্যের ব্যক্তিগত নিরাপত্তা বিপন্ন হয়, সে ছয় মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা পাঁচশত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৩৮। **এরূপ কোন কার্য দ্বারা গুরুতর আঘাত ঘটানো যাহা জীবন বা অন্যের ব্যক্তিগত নিরাপত্তা বিপন্ন করে**—যেকেহ কোন কার্য এরূপ হঠকারিতাবশত বা অবহেলাপূর্বক করিয়া কোন ব্যক্তির প্রতি গুরুতর আঘাত ঘটায় যাহাতে মানব জীবন বা অন্যের ব্যক্তিগত নিরাপত্তা বিপন্ন হয়, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## অন্যায় অভিরোধ ও অন্যায় পরিরোধ বিষয়ে

৩৩৯। **অন্যায় অভিরোধ**—যেকেহ কোন ব্যক্তিকে, ঐ ব্যক্তির যে দিকে অগ্রসর হইবার অধিকার আছে সেই দিকে অগ্রসর হওয়া হইতে তাহাকে যাহাতে নিবারিত করা যায় সেরূপে স্বেচ্ছাকৃতভাবে বাধা দেয়, সে ঐ ব্যক্তিকে অন্যায়ভাবে অভিরোধ করে বলা হয়।

*ব্যতিক্রম*—ভূমি বা জলের উপরে কোন ব্যক্তিগত পথে বাধাদান যৎসম্পর্কে কোন ব্যক্তি সরল বিশ্বাসে বিশ্বাস করে যে ঐরূপ বাধাদানের কোন বিধিসম্মত অধিকার তাহার আছে, তাহা এই ধারার অর্থে কোন অপরাধ নহে।

### দৃষ্টান্ত

য-এর যে পথ দিয়া যাতায়াত করিবার অধিকারে আছে সেই পথ রোধ করিবার অধিকার ক-এর আছে ইহা সরল বিশ্বাসে বিশ্বাস না করিয়াই ক সেই পথে বাধা দেয়। য তদ্দ্বারা যাতায়াত করা হইতে নিবারিত হয়। ক য-কে অন্যায়ভাবে অভিরোধ করে।

৩৪০। **অন্যায় পরিরোধ**—যেকেহ কোন ব্যক্তিকে এরূপ কোন প্রণালীতে অন্যায়ভাবে অভিরোধ করে যাহাতে ঐ ব্যক্তি কোন নির্দিষ্ট সীমার বাহিরে অগ্রসর হওয়া নিবারিত হয়, সে ঐ ব্যক্তিকে "অন্যায়ভাবে পরিরোধ করে" বলা হয়।

### দৃষ্টান্ত

(ক) ক য-কে একটি দেওয়ালঘেরা জায়গায় প্রবেশ করায় এবং য-কে তালাবন্ধ করিয়া রাখে। য এইভাবে দেওয়ালের নির্দিষ্ট সীমারেখার বাহিরে কোনও দিকে অগ্রসর হওয়া হইতে নিবারিত হয়। ক য-কে অন্যায়ভাবে পরিরোধ করে।

(খ) ক কোন ভবনের বাহিরে যাইবার পথগুলিতে আগ্নেয়াস্ত্রসহ লোক মোতায়েন করে এবং য-কে বলে যে তাহারা য-কে গুলি করিবে যদি য ঐ ভবন ত্যাগ করিবার প্রচেষ্টা করে। ক য-কে অন্যায়ভাবে পরিরোধ করে।

৩৪১। **অন্যায় অভিরোধের জন্য দণ্ড**—যেকেহ কোন ব্যক্তিকে অন্যায়ভাবে অভিরোধ করে, সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৪২। **অন্যায় পরিরোধের জন্য দণ্ড**—যেকেহ কোন ব্যক্তিকে অন্যায়ভাবে পরিরোধ করে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৪৩। **তিন বা ততোধিক দিনের জন্য অন্যায় পরিরোধ**—যেকেহ কোন ব্যক্তিকে তিন বা ততোধিক দিনের জন্য অন্যায়ভাবে পরিরোধ করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৪৪। **দশ বা ততোধিক দিনের জন্য অন্যায় পরিরোধ**—যেকেহ কোন ব্যক্তিকে দশ বা ততোধিক দিনের জন্য অন্যায়ভাবে পরিরোধ করে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৪৫। **এরূপ ব্যক্তির অন্যায় পরিরোধ যাহার মুক্তির জন্য আজ্ঞালেখ প্রদান করা হইয়াছে**—যেকেহ কোন ব্যক্তিকে, ঐ ব্যক্তির মুক্তির জন্য কোন আজ্ঞালেখ যথাযথভাবে প্রদান করা হইয়াছে, ইহা জানিয়া অন্যায় পরিরোধে রাখে, সে এই অধ্যায়ের জন্য কোন ধারা অনুযায়ী যে মেয়াদের কারাবাসের দায়িতাধীন হইতে পারে তাহা ছাড়াও দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে।

৩৪৬। **গুপ্তস্থানে অন্যায় পরিরোধ**—যেকেহ কোন ব্যক্তিকে এরূপ প্রণালীতে অন্যায়ভাবে পরিরোধ করে যাহাতে এই অভিপ্রায় সূচিত হয় যে ঐ ব্যক্তির পরিরোধ ঐরূপে পরিরুদ্ধ ব্যক্তির সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তি বা কোন লোক কৃত্যকারী জানিতে না পারে অথবা পরিরোধের স্থান ইতিপূর্বে উল্লেখিত ঐরূপ কোন ব্যক্তি বা লোক কৃত্যকারী জানিতে না পারে বা তৎকর্তৃক উদ্‌ঘাটিত না হইতে পারে, সে ঐরূপ অন্যায় পরিরোধের জন্য অন্য যে দণ্ডের দায়িতাধীন হইতে পারে তাহা ছাড়াও দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে।

৩৪৭। **সম্পত্তি বলপূর্বক আদায় করিবার জন্য বা অবৈধ কার্য করিতে বাধ্য করিবার জন্য অন্যায় পরিরোধ**—যেকেহ কোন ব্যক্তিকে অন্যায়ভাবে পরিরোধ করে এই উদ্দেশ্যে যে পরিরুদ্ধ ব্যক্তির নিকট হইতে বা ঐ পরিরুদ্ধ ব্যক্তির সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তির নিকট হইতে কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি সে বলপূর্বক আদায় করিবে অথবা পরিরুদ্ধ ব্যক্তিকে বা ঐ পরিরুদ্ধ ব্যক্তির সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তিকে অবৈধ কোন কিছু করিতে বা এরূপ কোন সংবাদ যাহা কোন অপরাধ সংঘটন সহজতর করিতে পারে তাহা প্রদান করিতে সে বাধ্য করিবে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৪৮। **স্বীকারোক্তি বলপূর্বক আদায় করিবার জন্য বা সম্পত্তির প্রত্যর্পণ বাধ্য করিবার জন্য অন্যায় পরিরোধ**—যেকেহ কোন ব্যক্তিকে অন্যায়ভাবে পরিরোধ করে এই উদ্দেশ্যে যে পরিরুদ্ধ ব্যক্তি বা ঐ পরিরুদ্ধ ব্যক্তির সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তির নিকট হইতে এরূপ কোন সংবাদ যাহা কোন অপরাধ বা অসদাচরণ উদ্‌ঘাটনের দিকে চালিত করিতে পারে তাহা সে বলপূর্বক আদায় করিবে অথবা পরিরুদ্ধ ব্যক্তিকে বা ঐ পরিরুদ্ধ ব্যক্তির সহিত স্বার্থান্বিত কোন ব্যক্তিকে কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি প্রত্যর্পণ করিতে বা প্রত্যর্পণ করাইতে বা কোন দাবি বা চাহিদা মিটাইতে বা এরূপ কোন সংবাদ যাহা কোন সম্পত্তি বা মূল্যবান প্রতিভূতি প্রত্যর্পণের দিকে চালিত করিতে পারে তাহা প্রদান করিতে সে বাধ্য করিবে, সে তিন বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

## আপরাধিক বল ও অভ্যাঘাত বিষয়ে

৩৪৯। **বল**—কোন ব্যক্তি অন্য ব্যক্তির প্রতি বল প্রয়োগ করিয়াছে বলা হয় যদি সে ঐ অন্য ব্যক্তির গতির সঞ্চার, গতির পরিবর্তন বা গতির অবসান ঘটায় অথবা যদি সে কোন পদার্থের এরূপ গতির সঞ্চার, গতির পরিবর্তন বা গতির অবসান ঘটায় যাহাতে ঐ পদার্থের সহিত ঐ অন্য ব্যক্তির শরীরের কোন অংশের বা ঐ অন্য ব্যক্তি যাহা পরিধান করিয়াছে বা বহন করিতেছে এরূপ কোন কিছুর সংস্পর্শ ঘটে অথবা এরূপ কোন কিছুর সংস্পর্শ ঘটে যাহা এরূপে স্থিত যে ঐরূপ সংস্পর্শ ঐ অন্য ব্যক্তির অনুভূতিবোধকে প্রভাবিত করে ; তবে, যে ব্যক্তি ঐ গতির সঞ্চার, গতির পরিবর্তন বা গতির অবসান ঘটায় তাহাকে অতঃপর অত্রবর্ণিত তিনটি উপায়ের যেকোন একটির মাধ্যমেই সেই গতির সঞ্চার, গতির পরিবর্তন বা গতির অবসান ঘটাইতে হইবে ঃ—

*প্রথমত ঃ*—তাহার নিজের শারীরিক ক্ষমতা দ্বারা।

*দ্বিতীয়ত ঃ*—কোন পদার্থ এরূপ কোন প্রণালীতে ব্যবস্থিত করিয়া, যাহাতে গতির সঞ্চার অথবা গতির পরিবর্তন বা অবসান তাহার নিজের দ্বারা বা অন্য কোন ব্যক্তির দ্বারা কোন অতিরিক্ত কার্য ব্যতিরেকেই ঘটে।

*তৃতীয়ত ঃ*—কোন প্রাণীকে গতিবান করিতে, উহার গতির পরিবর্তন করিতে বা উহাকে গতিহীন করিতে প্ররোচিত করার দ্বারা।

৩৫০। **আপরাধিক বল**—যেকেহ কোন ব্যক্তির উপর, ঐ ব্যক্তির সম্মতি ব্যতিরেকে সাভিপ্রায়ে বল প্রয়োগ কোন অপরাধ সংঘটনের উদ্দেশ্যে করে অথবা এই অভিপ্রায়ে করে যে, অথবা ইহা সম্ভাব্য জানিয়া করে যে, সে ঐরূপ, বলপ্রয়োগের দ্বারা, যে ব্যক্তির উপর বল প্রয়োগ করা হয় তাহার হানি, ভীতি বা বিরক্তি ঘটাইবে, সে ঐ অপর ব্যক্তির উপর আপরাধিক বল প্রয়োগ করে বলা হয়।

### দৃষ্টান্ত

(ক) য কোন নদীতে কোন নোঙর-বাঁধা নৌকায় বসিয়া আছে। ক ঐ নোঙর খুলিয়া দেয় এবং এইরূপে সাভিপ্রায়ে নৌকাটিকে স্রোতে ভাসিয়া যাইতে দেয়। এস্থলে ক সাভিপ্রায়ে য-এর গতির সঞ্চার ঘটায় এবং সে পদার্থসমূহ এরূপে ব্যবস্থিত করিয়া উহা করে যে, কোনও ব্যক্তির অন্য কোন কার্য ব্যতিরেকেই ঐ গতি উৎপন্ন হয়। অতএব ক য-এর উপর সাভিপ্রায়ে বল প্রয়োগ করিয়াছে ; এবং যদি সে ঐরূপ কার্য য-এর সম্মতি ব্যতিরেকে, কোন অপরাধ সংঘটনের উদ্দেশ্যে অথবা ঐ বল প্রয়োগ য-এর হানি, ভয় বা বিরক্তি ঘটাইবে, এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া করিয়া থাকে, তাহা হইলে, ক য-এর উপর আপরাধিক বল প্রয়োগ করিয়াছে।

(খ) য কোন রথে চড়িয়া যাইতেছে। ক য-এর ঘোড়াগুলিকে চাবুক মারে এবং তদ্দারা উহাদের বেগ বাড়াইয়া দেয়। এস্থলে ক জন্তুগুলিকে উহাদের গতির পরিবর্তন করিবার জন্য প্ররোচিত করিয়া য-এর গতির পরিবর্তন ঘটাইয়াছে। অতএব ক য-এর উপর বল প্রয়োগ করিয়াছে ; এবং যদি ক উহা য-এর সম্মতি ব্যতিরেকে, সে যে তদ্দারা য-কে আহত, ভীত বা বিরক্ত করিতে পারে এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া করিয়া থাকে, তাহা হইলে, ক য-এর উপর আপরাধিক বল প্রয়োগ করিয়াছে।

(গ) য কোন পালকীতে চড়িয়া যাইতেছে। ক য-এর উপর দস্যুতা করিবার অভিপ্রায়ে পালকীর হাতল ধরিয়া ফেলে এবং উহা থামায়। এস্থলে ক য-এর গতির অবসান ঘটাইয়াছে এবং সে তাহার নিজ শারীরিক ক্ষমতার দ্বারা উহা করিয়াছে। অতএব ক য-এর উপর বল প্রয়োগ করিয়াছে এবং যেহেতু ক য-এর সম্মতি ব্যতিরেকে ঐরূপ কার্য কোন অপরাধ সংঘটনের উদ্দেশ্যে সাভিপ্রায়ে করিয়াছে, সেইহেতু, ক য-এর উপর আপরাধিক বল প্রয়োগ করিয়াছে।

(ঘ) ক সাভিপ্রায়ে য-কে রাস্তায় ধাক্কা দেয়। এস্থলে ক তাহার নিজের শারীরিক ক্ষমতা দ্বারা তাহার নিজের শরীরকে এরূপে চালনা করে যাহাতে উহা য-এর সংস্পর্শে আসে। অতএব সে সাভিপ্রায়ে য-এর উপর বল প্রয়োগ করিয়াছে ; এবং যদি সে উহা য-এর সম্মতি ব্যতিরেকে, সে যে তদ্দ্বারা য-কে আহত, ভীত বা বিরক্ত করিতে পারে এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া করিয়া থাকে, তাহা হইলে, সে য-এর উপর আপরাধিক বল প্রয়োগ করিয়াছে।

(ঙ) ক এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া একটি পাথর নিক্ষেপ করে যে ঐ পাথর ইহার ফলে য-এর, বা য-এর বস্ত্রের বা য কর্তৃক বাহিত কোন কিছুর সংস্পর্শে আসিবে অথবা উহা জলে আঘাত করিবে ও য-এর বস্ত্রের বা য কর্তৃক বাহিত কোন কিছুর উপর জল উৎক্ষিপ্ত হইবে। এস্থলে, যদি পাথর নিক্ষেপের ফলে য-এর সহিত বা য-এর বস্ত্রের সহিত কোন পদার্থের সংস্পর্শ ঘটে, তাহা হইলে, ক য-এর উপর বল প্রয়োগ করিয়াছে এবং যদি সে উহা, য-এর সম্মতি ব্যতিরেকে, তদ্দ্বারা য-কে আহত, ভীত বা বিরক্ত করিবার অভিপ্রায়ে করিয়া থাকে, তাহা হইলে, সে য-এর উপর আপরাধিক বল প্রয়োগ করিয়াছে।

(চ) ক সাভিপ্রায়ে কোন স্ত্রীলোকের ঘোমটা ধরিয়া টানে। এস্থলে ক সাভিপ্রায়ে তাহার উপর বল প্রয়োগ করে ; এবং যদি সে উহা, সে ঐ স্ত্রীলোকের সম্মতি ব্যতিরেকে, সে যে তদ্দ্বারা ঐ স্ত্রীলোককে আহত, ভীত বা বিরক্ত করিতে পারে এরূপ অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া করে, তাহা হইলে, সে ঐ স্ত্রীলোকের উপর আপরাধিক বল প্রয়োগ করিয়াছে।

(ছ) য স্নান করিতেছে। ক স্নানপাত্রে এরূপ জল ঢালিয়া দেয় যাহা সে ফুটন্ত বলিয়া জানে। এস্থলে ক সাভিপ্রায়ে তাহার নিজ শারীরিক ক্ষমতা দ্বারা ঐ ফুটন্ত জলে এরূপ গতির সঞ্চার ঘটায় যাহাতে ঐ জলের সহিত য-এর সংস্পর্শ ঘটে বা এরূপ অন্য জলের সংস্পর্শ ঘটে যাহা এরূপে অবস্থিত যে ঐরূপ সংস্পর্শ অবশ্যই য-এর অনুভূতিবোধকে প্রভাবিত করিবে ; অতএব ক সাভিপ্রায়ে য-এর উপর বল প্রয়োগ করিয়াছে ; এবং যদি সে উহা য-এর সম্মতি ব্যতিরেকে, সে যে তদ্দ্বারা য-এর আঘাত, ভয় বা বিরক্তি ঘটাইতে পারে এরূপ অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া, করিয়া থাকে, তাহা হইলে, ক আপরাধিক বল প্রয়োগ করিয়াছে।

(জ) ক, য-এর সম্মতি ব্যতিরেকে, একটি কুকুরকে য-এর উপর লাফাইয়া পড়িতে উত্তেজিত করে। এস্থলে, যদি ক য-এর আঘাত, ভীতি বা বিরক্তি ঘটাইবার অভিপ্রায় করে, তাহা হইলে, সে য-এর উপর আপরাধিক বল প্রয়োগ করিয়াছে।

**৩৫১। অভ্যাঘাত**—যেকেহ এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া কোন অঙ্গভঙ্গী করে বা প্রস্তুতি লয় যে ঐ অঙ্গ ভঙ্গী বা প্রস্তুতি উপস্থিত কোন ব্যক্তির এরূপ আশঙ্কা ঘটাইবে যে, যে ঐ অঙ্গভঙ্গী করে বা প্রস্তুতি লয় সে ঐ ব্যক্তির উপর আপরাধিক বল প্রয়োগ করিতে উদ্যত হইয়াছে, সে কোন অভ্যাঘাত সংঘটিত করে বলা হয়।

**ব্যাখ্যা**—কেবল শব্দ কোন অভ্যাঘাতের পর্যায়ভুক্ত হয় না। কিন্তু যে শব্দ কোন ব্যক্তি ব্যবহার করে তাহা তাহার অঙ্গভঙ্গী বা প্রস্তুতিকে এরূপ কোন অর্থ দিতে পারে যাহাতে ঐ অঙ্গভঙ্গী বা প্রস্তুতি কোন অভ্যাঘাতের পর্যায়ভুক্ত হইতে পারে।

**দৃষ্টান্ত**

(ক) ক য-এর প্রতি তাহার মুষ্টি এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া আন্দোলিত করে যে ক তদ্দ্বারা য-কে এই বিশ্বাস করাইতে পারিবে যে সে য-কে আঘাত করিতে উদ্যত। ক অভ্যাঘাত সংঘটিত করিয়াছে।

(খ) ক কোন হিংস্র কুকুরের মুখবন্ধনী এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া খুলিয়া দিতে আরম্ভ করে যে সে তদ্দ্বারা য-কে এরূপ বিশ্বাস করাইতে পারিবে যে সে ঐ কুকুর দ্বারা য-কে আক্রমণ করাইতে উদ্যত। ক য-এর উপর অভ্যাঘাত সংঘটিত করিয়াছে।

(গ) ক য-কে "আমি তোমাকে প্রহার করিব" বলিয়া একটি লাঠি তুলিয়া লয়। এস্থলে যদিও ক কর্তৃক ব্যবহৃত শব্দ কোনও ক্ষেত্রেই অভ্যাঘাতের পর্যায়ভুক্ত হইতে পারে না এবং যদিও কেবল অঙ্গভঙ্গী, তাহার সহিত অন্য কোনও পরিস্থিতি না থাকিলে, কোন অভ্যাঘাতের পর্যায়ভুক্ত নাও হইতে পারে, তথাপি শব্দ দ্বারা ব্যাখ্যাত অঙ্গভঙ্গী অভ্যাঘাতের পর্যায়ভুক্ত হইতে পারে।

৩৫২। **গুরুতর উৎক্ষোভনে ভিন্ন অন্যথা অভ্যাঘাত বা আপরাধিক বলের জন্য দণ্ড**—যেকেহ কোন ব্যক্তির উপর, ঐ ব্যক্তি কর্তৃক প্রদত্ত গুরুতর ও আকস্মিক উৎক্ষোভনে ভিন্ন অন্যথা, অভ্যাঘাত করে বা আপরাধিক বলপ্রয়োগ করে, সে তিন মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা পাঁচ শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**ব্যাখ্যা**—গুরুতর ও আকস্মিক উৎক্ষোভন এই ধারার অধীন কোন অপরাধের দণ্ড হ্রাস করিবে না যদি ঐ উৎক্ষোভন অপরাধের কোন কারণ হিসাবে ঐ অপরাধী কর্তৃক প্রার্থিত হয় বা স্বেচ্ছাকৃতভাবে উৎক্ষোভিত হয়, বা

যদি ঐ উৎক্ষোভন বিধির প্রতিপালনক্রমে কৃত কোনকিছু দ্বারা বা কোন লোক কৃত্যকারী কর্তৃক ঐরূপ লোক কৃত্যকারীর ক্ষমতাসমূহের বিধিসম্মত প্রয়োগক্রমে প্রদত্ত হয়, বা

যদি ঐ উৎক্ষোভন ব্যক্তিগত প্রতিরক্ষার অধিকারের বিধিসম্মত প্রয়োগক্রমে কৃত কোনকিছু দ্বারা প্রদত্ত হয়।

ঐ উৎক্ষোভন অপরাধ হ্রাস করিবার পক্ষে যথেষ্ট গুরুতর ও আকস্মিক ছিল কি না তাহা একটি তথ্যগত প্রশ্ন।

৩৫৩। **লোক কৃত্যকারীকে তদীয় কর্তব্য নিষ্পাদনে নিবৃত্ত করিবার জন্য তাহার উপর অভ্যাঘাত বা আপরাধিক বল প্রয়োগ**—যেকেহ, এরূপ কোন ব্যক্তি যিনি কোন লোক কৃত্যকারী তাঁহার উপর, ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাঁহার কর্তব্য নিষ্পাদনে বা ঐ ব্যক্তিকে ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাঁহার কর্তব্য নির্বাহ করা হইতে নিবারিত বা নিবৃত্ত করিবার অভিপ্রায়ে অথবা ঐরূপ ব্যক্তি কর্তৃক ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাঁহার কর্তব্যের বিধিসম্মত নির্বাহে কৃত বা কৃত হইবার জন্য প্রচেষ্টিত কোন কিছুর পরিণামে অভ্যাঘাত করে বা আপরাধিক বলপ্রয়োগ করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৫৪। **নারীর উপর তাঁহার শ্লীলতাহানি করিবার অভিপ্রায়ে অভ্যাঘাত বা আপরাধিক বলপ্রয়োগ**—যেকেহ কোন নারীর উপর ঐ নারীর শ্লীলতাহানি করিবার অভিপ্রায়ে বা সে যে তদ্দ্বারা ঐ নারীর শ্লীলতাহানি করিবে ইহা সম্ভাব্য জানিয়া অভ্যাঘাত করে বা আপরাধিক বলপ্রয়োগ করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৫৫। **কোন ব্যক্তিকে অসম্মান করিবার অভিপ্রায়ে গুরুতর উৎক্ষোভনে ভিন্ন অন্যথা তাহার উপর অভ্যাঘাত বা আপরাধিক বলপ্রয়োগ**—যেকেহ কোন ব্যক্তির উপর, ঐ ব্যক্তি কর্তৃক প্রদত্ত গুরুতর ও আকস্মিক উৎক্ষোভনে ভিন্ন অন্যথা অভ্যাঘাত করে বা আপরাধিক বলপ্রয়োগ করে এই অভিপ্রায়ে যে সে তদ্দ্বারা ঐ ব্যক্তিকে অসম্মান করিবে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

৩৫৬। **কোন ব্যক্তি কর্তৃক বাহিত সম্পত্তি চুরি করিবার প্রচেষ্টায় অভ্যাঘাত বা আপরাধিক বলপ্রয়োগ**—যেকেহ কোন ব্যক্তির উপর, যে সম্পত্তি ঐ ব্যক্তি তখন পরিধান করিয়া আছে বা বহন করিতেছে তাহা চুরি করিবার প্রচেষ্টায়, অভ্যাঘাত করে বা আপরাধিক বলপ্রয়োগ করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**৩৫৭। কোন ব্যক্তিকে অন্যায়ভাবে পরিরোধ করিবার প্রচেষ্টায় অভ্যাঘাত বা আপরাধিক বলপ্রয়োগ**—যেকেহ কোন ব্যক্তির উপর, ঐ ব্যক্তিকে অন্যায়ভাবে পরিরোধ করিবার প্রচেষ্টায়, অভ্যাঘাত করে বা আপরাধিক বলপ্রয়োগ করে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা এক হাজার টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

**৩৫৮। গুরুতর-উৎক্ষোভনে অভ্যাঘাত বা আপরাধিক বলপ্রয়োগ**—যেকেহ কোন ব্যক্তির উপর, ঐ ব্যক্তি কর্তৃক প্রদত্ত গুরুতর ও আকস্মিক উৎক্ষোভনে, অভ্যাঘাত করে বা আপরাধিক বলপ্রয়োগ করে, সে এক মাস পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের অশ্রম কারাবাসে বা এক শত টাকা পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ জরিমানায়, বা উভয়থা দণ্ডিত হইবে।

**ব্যাখ্যা**—শেষ ধারাটি ৩৫২ ধারার ন্যায় একই ব্যাখ্যার অধীন হইবে।

**অপবাহন, হরণ, ক্রীতদাসত্ব এবং শ্রমে বাধ্যকরণ বিষয়ে**

**৩৫৯। অপবাহন**—অপবাহন দুই প্রকার ; ভারত হইতে অপবাহন ও বিধিসম্মত অভিভাবকত্ব হইতে অপবাহন।

**৩৬০। ভারত হইতে অপবাহন**—যেকেহ কোন ব্যক্তিকে, ঐ ব্যক্তির সম্মতি বা ঐ ব্যক্তির পক্ষে সম্মতি প্রদান করিতে বৈধরূপে প্রাধিকৃত কোন ব্যক্তির সম্মতি ব্যতিরেকে, ভারতের সীমার বাহিরে প্রবহণ করে, সে ঐ ব্যক্তিকে ভারত হইতে অপবাহন করে বলা হয়।

**৩৬১। বিধিসম্মত অভিভাবকত্ব হইতে অপবাহন**—যেকেহ, পুরুষের ক্ষেত্রে [১][ষোল] বৎসরের কম বয়স্ক কোন নাবালককে বা কোন মহিলার ক্ষেত্রে [২][আঠার] বৎসরের কম বয়স্কা কোন নাবালিকাকে, বা অসুস্থমনা কোন ব্যক্তিকে, ঐরূপ নাবালক, নাবালিকা বা অসুস্থমনা ব্যক্তির বিধিসম্মত অভিভাবকের রক্ষণাবেক্ষণ হইতে ঐরূপ অভিভাবকের সম্মতি ব্যতিরেকে, লইয়া যায় বা চলিয়া যাইতে প্রলুব্ধ করে, সে ঐরূপ নাবালককে, নাবালিকাকে বা ব্যক্তিকে বিধিসম্মত অভিভাবকত্ব হইতে অপবাহন করে বলা হয়।

**ব্যাখ্যা**—এই ধারায় "বিধিসম্মত অভিভাবক" শব্দসমূহ এরূপ কোন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে যাহার উপর ঐরূপ নাবালক, নাবালিকা বা অন্য ব্যক্তির তত্ত্বাবধান বা অভিরক্ষা বিধিসম্মতভাবে ন্যাস্ত রহিয়াছে।

*ব্যতিক্রম*—এই ধারা এরূপ কোন ব্যক্তির কার্যের ক্ষেত্রে প্রসারিত হয় না যে নিজেকে কোন অবৈধ শিশুর পিতা বলিয়া সরল বিশ্বাসে বিশ্বাস করে বা যে নিজেকে ঐরূপ শিশুর বিধিসম্মত অভিরক্ষার অধিকারী বলিয়া সরল বিশ্বাসে বিশ্বাস করে, যদি না ঐরূপ কার্য কোন অনৈতিক বা বিধিবিরুদ্ধ উদ্দেশ্যে সংঘটিত হয়।

**৩৬২। হরণ**—যেকেহ কোন ব্যক্তিকে কোন স্থান হইতে যাইতে বলপূর্বক বাধ্য করে বা প্রবঞ্চনামূলক উপায়ে প্ররোচিত করে, সে ঐ ব্যক্তিকে হরণ করে বলা হয়।

**৩৬৩। অপবাহনের জন্য দণ্ড**—যেকেহ কোন ব্যক্তিকে ভারত হইতে বা বিধিসম্মত অভিভাবকত্ব হইতে অপবাহন করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

[৩][**৩৬৩ক। ভিক্ষার প্রয়োজনার্থে কোন নাবালককে অপবাহন করা বা বিকলাঙ্গ করা**—(১) যেকেহ কোন নাবালককে এই উদ্দেশ্যে অপবাহন করে অথবা, কোন নাবালকের বিধিসম্মত অভিভাবক না হইয়াও, ঐ নাবালকের অভিরক্ষা এই উদ্দেশ্যে প্রাপ্ত হয় যে ঐ নাবালককে ভিক্ষার প্রয়োজনার্থে নিয়োজিত বা ব্যবহৃত করা যাইবে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডনীয় হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

(২) যেকেহ, কোন নাবালককে ভিক্ষার প্রয়োজনার্থে নিয়োজিত বা ব্যবহৃত করা যাইবে, এই উদ্দেশ্যে তাহাকে বিকলাঙ্গ করে, সে যাবজ্জীবন কারাবাসে দণ্ডনীয় হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

১। ১৯৪৯-এর ৪২ আইন, ২ ধারা দ্বারা, "চৌদ্দ"-এর স্থলে প্রতিস্থাপিত।
২। ১৯৪৯-এর ৪২ আইন, ২ ধারা দ্বারা, "ষোল"-এর স্থলে প্রতিস্থাপিত।
৩। ১৯৫৯-এর ৫২ আইন, ২ ধারা দ্বারা সন্নিবেশিত (১৫.১.১৯৬০ হইতে কার্যকারিতাক্রমে)।

(৩) যেক্ষেত্রে কোন ব্যক্তি, কোন নাবালকের বিধিসম্মত অভিভাবক না হইয়াও, ঐরূপ নাবালককে ভিক্ষার প্রয়োজনার্থে নিয়োজিত করে, বা ব্যবহৃত করে, সেক্ষেত্রে, বিপরীতার্থক প্রমাণিত না হইলে, এই প্রাক্ধারণা করিতে হইবে যে, ঐ নাবালককে ভিক্ষার প্রয়োজনার্থে নিয়োজিত বা ব্যবহৃত করা যাইতে পারিবে এই উদ্দেশ্যেই সে ঐ নাবালককে অপবাহিত করিয়াছিল বা অন্যথা উহার অভিরক্ষা প্রাপ্ত হইয়াছিল।

(৪) এই ধারায়—

(ক) "ভিক্ষা" বলিতে বুঝায়—

(i) কোন সার্বজনিক স্থানে ভিক্ষা চাওয়া বা গ্রহণ করা, তাহা গান, নাচ, ভাগ্যগণনা, কৌশল প্রদর্শন বা দ্রব্যাদি বিক্রয়ের ছলেই হউক বা অন্যথা হউক ;

(ii) ভিক্ষা চাহিবার বা গ্রহণ করিবার প্রয়োজনার্থে কোন ব্যক্তির ঘরবাড়িতে প্রবেশ করা ;

(iii) ভিক্ষা প্রাপ্ত হইবার বা বলপূর্বক আদায় করিবার উদ্দেশ্যে লইয়া নিজের বা অন্য কোন ব্যক্তির বা কোন জন্তুর কোন ক্ষত, জখম, হানি, বিকৃতি ; বা রোগ অভিদর্শিত বা প্রদর্শিত করা ;

(iv) ভিক্ষা চাহিবার বা গ্রহণ করিবার প্রয়োজনার্থে কোন প্রদর্শন হিসাবে কোন নাবালককে ব্যবহার করা।

(খ) "নাবালক" বলিতে বুঝায়—

(i) পুরুষের ক্ষেত্রে ষোল বৎসরের কম বয়স্ক ব্যক্তি ; ও

(ii) মহিলার ক্ষেত্রে আঠার বৎসরের কম বয়স্কা ব্যক্তি।]

৩৬৪। **হত্যা করিবার উদ্দেশ্যে অপবাহন বা হরণ**—যেকেহ কোন ব্যক্তিকে এই উদ্দেশ্যে অপবাহন বা হরণ করে যে ঐ ব্যক্তিকে হত্যা করা হইতে পারে বা ঐ ব্যক্তিকে এরূপ অবস্থায় আনা যাইতে পারে যাহাতে তাহার হত্যা ঘটিবার বিপদ থাকে, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের সশ্রম কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানার দায়িতাধীন হইবে।

দৃষ্টান্ত

(ক) ক য-কে কোন বিগ্রহের সমক্ষে বলি দেওয়া হইতে পারে এই অভিপ্রায়ে বা ইহা সম্ভাব্য জানিয়া তাহাকে ভারত হইতে অপবাহন করে। ক এই ধারায় পরিভাষিত অপরাধ সংঘটিত করিয়াছে।

(খ) ক খ-কে হত্যা করা হইতে পারে এই উদ্দেশ্যে তাহার বাড়ি হইতে বলপূর্বক লইয়া যায় বা চলিয়া যাইতে প্রলুব্ধ করে। ক এই ধারাভুক্ত অপরাধ সংঘটিত করিয়াছে।

[১]["৩৬৪ক। **মুক্তিপণ, ইত্যাদির জন্য অপবাহন**—যেকেহ সরকারকে বা [২][অন্য কোন বিদেশী রাষ্ট্রকে বা আন্তর্জাতিক আন্তঃসরকারী সংস্থাকে বা অন্য কোন ব্যক্তিকে] কোন কার্য করিতে বা করা হইতে বিরত থাকিতে অথবা মুক্তিপণ দিতে বাধ্য করিবার উদ্দেশ্যে কোন ব্যক্তিকে অপবাহন বা হরণ করে অথবা ঐরূপ অপবাহন বা হরণের পর আটক রাখে এবং ঐরূপ ব্যক্তির মৃত্যু বা আঘাত ঘটাইবার ভীতি প্রদর্শন করে অথবা তাহার আচরণ দ্বারা এরূপ যুক্তি সংগত আশংকার উদ্রেক করে যে ঐরূপ ব্যক্তির মৃত্যু বা আঘাত ঘটানো হইতে পারে, অথবা ঐরূপ ব্যক্তির আঘাত বা মৃত্যু ঘটায়, সে মৃত্যু দণ্ডে বা যাবজ্জীবন কারাবাসে দণ্ডনীয় হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।"]

৩৬৫। **কোন ব্যক্তিকে গোপনভাবে ও অন্যায়ভাবে পরিরোধ করিবার অভিপ্রায়ে অপবাহন বা হরণ করা**—যেকেহ কোন ব্যক্তিকে এই অভিপ্রায়ে অপবাহন বা হরণ করে যে, ঐ ব্যক্তিকে গোপনভাবে ও অন্যায়ভাবে পরিরুদ্ধ করা হইবে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

---

[১] ফৌজদারী বিধি (সংশোধন) আইন, ১৯৯৩-এর ২ ধারা দ্বারা ভারতীয় দণ্ডসংহিতার ৩৬৪ ধারার পর সন্নিবেশিত।

[২] ভারতীয় দণ্ড সংহিতা (সংশোধন) আইন, ১৯৯৫-এর ২ ধারা দ্বারা ৩৬৪ক ধারার "অন্য কোন ব্যক্তিকে" এই শব্দসমূহের স্থলে, "কোন বিদেশী রাষ্ট্রকে বা আন্তর্জাতিক আন্তঃসরকারী সংস্থাকে বা অন্য কোন ব্যক্তিকে" এই শব্দসমূহ প্রতিস্থাপিত।

৩৬৬। **বিবাহ ইত্যাদিতে বাধ্য করিতে মহিলাকে অপবাহন, হরণ বা প্ররোচিত করা**—যেকেহ কোন মহিলাকে তাহার ইচ্ছার বিরুদ্ধে কোন ব্যক্তিকে বিবাহ করিবার জন্য ঐ মহিলাকে বাধ্য করা হইতে পারে এই অভিপ্রায়ে বা তাহাকে বাধ্য করা হইবে ইহা সম্ভাব্য জানিয়া অথবা এই উদ্দেশ্যে যে তাহাকে অবৈধ যৌনসঙ্গমে বাধ্য বা সংলুব্ধ করা হইতে পারে বা তাহাকে অবৈধ যৌনসঙ্গমে বাধ্য বা সংলুব্ধ করা হইবে ইহা সম্ভাব্য জানিয়া ঐ মহিলাকে অপবাহন বা হরণ করে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে এবং যেকেহ এই সংহিতায় যথাপরিভাষিত আপরাধিক উৎত্রাসনের দ্বারা অথবা প্রাধিকারের অপপ্রয়োগ দ্বারা অথবা বাধ্যকরণের অন্য কোন পদ্ধতি দ্বারা, কোন মহিলাকে অন্য কোন ব্যক্তির সহিত অবৈধ যৌনসঙ্গমে তাহাকে বাধ্য বা সংলুব্ধ করা হইতে পারে এই অভিপ্রায়ে বা করা হইবে ইহা সম্ভাব্য জানিয়া কোন স্থান হইতে যাইতে প্ররোচিত করে, সেই যথাপূর্বোক্তরূপে দণ্ডনীয় হইবে।

৩৬৬ক। **নাবালিকা সংগ্রহ**—যেকেহ, আঠার বৎসরের কম বয়স্কা কোন নাবালিকাকে, অন্য কোন ব্যক্তির সহিত অবৈধ যৌনসঙ্গমে ঐ বালিকাকে বাধ্য বা সংলুব্ধ করা হইতে পারে এই অভিপ্রায়ে বা করা হইবে ইহা সম্ভাব্য জানিয়া, কোন স্থান হইতে যাইতে বা কোন কার্য করিতে যেকোন উপায়েই প্ররোচিত করে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে দণ্ডনীয় হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৬৬খ। **বিদেশ হইতে বালিকা আমদানিকরণ**—যেকেহ, একুশ বৎসরের কম বয়স্কা কোন বালিকাকে অন্য কোন ব্যক্তির সহিত অবৈধ যৌনসঙ্গমে তাহাকে বাধ্য বা সংলুব্ধ করা হইতে পারে এই অভিপ্রায়ে বা করা হইবে ইহা সম্ভাব্য জানিয়া ভারতের বাহিরের কোন দেশ হইতে [১][বা জম্মু ও কাশ্মীর রাজ্য হইতে] ভারতে আমদানি করে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে দণ্ডনীয় হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৬৭। **কোন ব্যক্তিকে গুরুতর আঘাত, ক্রীতদাসত্ব ইত্যাদির অধীন করিবার উদ্দেশ্যে অপবাহন বা হরণ** —যেকেহ কোন ব্যক্তিকে এই উদ্দেশ্যে বা ইহা সম্ভাব্য জানিয়া অপবাহন বা হরণ করে যে ঐ ব্যক্তিকে গুরুতর আঘাতের বা ক্রীতদাসত্বের অথবা কোন ব্যক্তির অস্বাভাবিক কামলালসার অধীন করা হইতে পারে অথবা ঐ ব্যক্তিকে এরূপ অবস্থায় আনা যাইতে পারে যাহাতে তাহার গুরুতর আঘাত বা ক্রীতদাসত্ব বা কোন ব্যক্তির অস্বাভাবিক কামলালসার অধীন হইবার বিপদ থাকে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৬৮। **অপবাহিত বা হৃত ব্যক্তিকে অন্যায়ভাবে লুকাইয়া রাখা বা পরিরোধে রাখা**—যেকেহ কোন ব্যক্তিকে অপবাহন বা হরণ করা হইয়াছে জানিয়াও তাহাকে অন্যায়ভাবে লুকাইয়া রাখে বা পরিরোধ করে, সে যে অভিপ্রায়ে বা জ্ঞানে অথবা যে উদ্দেশ্যে ঐ ব্যক্তিকে লুকাইয়া রাখে বা পরিরোধে আটক রাখে যেন সেই একই অভিপ্রায়ে বা জ্ঞানে অথবা উদ্দেশ্যে তাহাকে অপবাহন বা হরণ করিয়াছিল এইভাবে, সে একই প্রণালীতে দণ্ডিত হইবে।

৩৬৯। **দশ বৎসরের কম বয়স্ক শিশুকে, উহার শরীর হইতে কিছু অপহরণ করিবার অভিপ্রায়ে, অপবাহন বা হরণ করা**—যেকেহ দশ বৎসরের কম বয়স্ক কোন শিশুকে, ঐ শিশুর শরীর হইতে কোন অস্থাবর সম্পত্তি অসৎভাবে লইবার অভিপ্রায়ে, অপবাহন বা হরণ করে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৭০। **ক্রীতদাসরূপে কোন ব্যক্তিকে ক্রয় করা বা পরিস্থিত করা**—যেকেহ কোন ব্যক্তিকে ক্রীতদাসরূপে আমদানি করে, রপ্তানি করে, অপসারিত করে, ক্রয় করে, বিক্রয় করে বা পরিস্থিত করে অথবা কোন ব্যক্তিকে তাহার ইচ্ছার বিরুদ্ধে ক্রীতদাসরূপে প্রতিগ্রহণ করে, গ্রহণ করে বা আটক রাখে, সে সাত বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

---

১। ১৯৫১-র ৩ আইন, ৩ ধারা ও তফসিল দ্বারা সন্নিবেশিত।

৩৭১। **ক্রীতদাস লইয়া অভ্যাসতঃ ব্যবসা করা**—যেকেহ অভ্যাসতঃ ক্রীতদাস আমদানি করে, রপ্তানি করে, অপসারিত করে, ক্রয় করে, বিক্রয় করে, ক্রয়-বিক্রয় করে বা তাহাদের লইয়া ব্যবসা করে, সে যাবজ্জীবন কারাবাসে বা দশ বৎসরের অনধিক মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৭২। **বেশ্যাবৃত্তি ইত্যাদির উদ্দেশ্যে নাবালক বিক্রয়**—যেকেহ আঠার বৎসরের কম বয়স্ক কোন ব্যক্তিকে, ঐ ব্যক্তি যেকোন বয়সে বেশ্যাবৃত্তির উদ্দেশ্যে বা যেকোন ব্যক্তির সহিত অবৈধ যৌনসঙ্গমের উদ্দেশ্যে বা কোন বিধিবিরুদ্ধ ও অনৈতিক উদ্দেশ্যে নিয়োজিত বা ব্যবহৃত হইবে এই অভিপ্রায়ে অথবা ঐ ব্যক্তি যেকোন বয়সে ঐরূপ কোনও উদ্দেশ্যে নিয়োজিত বা ব্যবহৃত হইবে ইহা সম্ভাব্য জানিয়া, বিক্রয় করে, ভাড়া দেয় বা অন্যথা পরিস্থিত করে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা** ১—যখন আঠার বৎসরের কম বয়স্কা কোন মহিলাকে কোন বেশ্যার নিকট অথবা কোন পতিতালয় রক্ষণাবেক্ষণ বা পরিচালনা করে এরূপ কোন ব্যক্তির নিকট বিক্রয় করে, ভাড়া দেওয়া বা অন্যথা পরিস্থিতি করা হয়, তখন ঐ মহিলাকে যে ব্যক্তি ঐরূপে পরিস্থিত করিয়াছে, তৎসম্পর্কে, বিপরীতার্থক প্রমাণিত না হওয়া পর্যন্ত, এই প্রাক্‌ধারণা করিতে হইবে যে সে ঐ মহিলাকে এই অভিপ্রায়ে পরিস্থিত করিয়াছে যে ঐ মহিলা বেশ্যাবৃত্তির প্রয়োজনার্থে ব্যবহৃত হইবে।

**ব্যাখ্যা** ২—এই ধারার প্রয়োজনার্থে "অবৈধ যৌনসঙ্গম" বলিতে এরূপ ব্যক্তিগণের মধ্যে যৌনসঙ্গম বুঝায় যাহারা বিবাহ দ্বারা আবদ্ধ হয় নাই অথবা এরূপ কোন মিলন বা বন্ধন দ্বারা আবদ্ধ হয় নাই যাহা, বিবাহের পর্যায়ভুক্ত না হইলেও, উহারা যে সম্প্রদায়ভুক্ত সেই সম্প্রদায়ের বা যেক্ষেত্রে উহারা বিভিন্ন সম্প্রদায়ভুক্ত সেক্ষেত্রে ঐ উভয় সম্প্রদায়ের ব্যক্তিগত বিধি বা রীতি দ্বারা, উহাদের মধ্যে কোন বিবাহসদৃশ সম্বন্ধ স্থাপন করে বলিয়া স্বীকৃত।

৩৭৩। **বেশ্যাবৃত্তি ইত্যাদির উদ্দেশ্যে নাবালক ক্রয়**—যেকেহ আঠার বৎসরের কম বয়স্ক কোন ব্যক্তিকে, ঐ ব্যক্তি যেকোন বয়সে বেশ্যাবৃত্তির উদ্দেশ্যে বা কোন ব্যক্তির সহিত অবৈধ যৌনসঙ্গমের উদ্দেশ্যে বা কোন বিধিবিরুদ্ধ ও অনৈতিক উদ্দেশ্যে নিয়োজিত ও ব্যবহৃত হইবে এই অভিপ্রায়ে অথবা ঐ ব্যক্তি যেকোন বয়সে ঐরূপ কোনও উদ্দেশ্যে নিয়োজিত বা ব্যবহৃত হইবে ইহা সম্ভাব্য জানিয়া, ক্রয় করে, ভাড়া লয় বা অন্যথা উহার দখল প্রাপ্ত হয়, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা** ১—কোন বেশ্যা অথবা কোন পতিতালয়ের রক্ষণাবেক্ষণকারী বা পরিচালনাকারী কোন ব্যক্তি, যে আঠার বৎসরের কম বয়স্কা কোন মহিলাকে ক্রয় করে, ভাড়া লয় বা অন্যথা উহার দখল প্রাপ্ত হয়, তৎসম্পর্কে বিপরীতার্থক প্রমাণিত না হওয়া পর্যন্ত এই প্রাক্‌ধারণা করিতে হইবে যে সে এই অভিপ্রায়ে ঐ মহিলার দখল প্রাপ্ত হইয়াছে যে ঐ মহিলা বেশ্যাবৃত্তির উদ্দেশ্যে ব্যবহৃত হইবে।

**ব্যাখ্যা** ২—"অবৈধ যৌনসঙ্গম"-এর সেই একই অর্থ আছে উহার যে অর্থ ৩৭২ ধারায় আছে।

৩৭৪। **বিধিবিরুদ্ধ বাধ্যতামূলক শ্রম**—যেকেহ কোন ব্যক্তিকে, ঐ ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে শ্রম করিতে বিধিবিরুদ্ধভাবে বাধ্য করে, সে এক বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে।

## [১][যৌন অপরাধ

৩৭৫। **ধর্ষণ**—কোন পুরুষ ধর্ষণ সংঘটিত করে বলা হয় যে, অতঃপর অত্র ব্যতিক্রান্ত ক্ষেত্রে ব্যতীত, নারীর সহিত কোন নিম্নে বর্ণিত ছয় প্রকারের যেকোন পরিস্থিতিতে যৌনসঙ্গম করে ঃ—

*প্রথমত*—ঐ নারীর ইচ্ছার বিরুদ্ধে।

*দ্বিতীয়ত*—ঐ নারীর সম্মতি ব্যতিরেকে।

*তৃতীয়ত*—ঐ নারীর সম্মতিসহ, যখন তাহার সম্মতি তাহাকে বা যে ব্যক্তির সহিত সে স্বার্থান্বিত সেই ব্যক্তিকে মৃত্যু বা আঘাতের ভয় দেখাইয়া লওয়া হইয়াছে।

*চতুর্থত*—ঐ নারীর সম্মতিসহ, যখন ঐ পুরুষ জানে যে সে ঐ নারীর স্বামী নহে ও ঐ নারীর সম্মতি এই কারণে প্রদত্ত হইয়াছে যে ঐ নারী বিশ্বাস করে যে সে সেই পুরুষ যাহার সহিত ঐ নারী বিধিসম্মতভাবে বিবাহিত বা নিজেকে বিধিসম্মতভাবে বিবাহিত বলিয়া স্বয়ং বিশ্বাস করে।

১। ১৯৮৩-র ৪৩ আইন, ৩ ধারা দ্বারা প্রতিস্থাপিত।

*পঞ্চমত*—ঐ নারীর সম্মতিসহ, যখন ঐ সম্মতি প্রদানের সময়ে, মানসিক অসুস্থতা বা মত্ততার কারণে অথবা ঐ পুরুষ কর্তৃক ব্যক্তিগতভাবে বা অন্য কাহারও মাধ্যমে কোন চেতনাহারক বা অস্বাস্থ্যকর পদার্থের প্রয়োগের কারণে ঐ নারী, যাহাতে সম্মতি প্রদান করে, তাহার প্রকৃতি ও পরিণাম বুঝিতে অসমর্থ হয়।

*ষষ্ঠত*—ঐ নারীর সম্মতিসহ বা ব্যতিরেকে, যখন ঐ নারী ষোল বৎসরের কম বয়স্কা হয়।

ব্যাখ্যা—ধর্ষণের অপরাধের জন্য আবশ্যক যৌনসঙ্গম হইবার পক্ষে প্রবেশনই পর্যাপ্ত।

*ব্যতিক্রম*—পুরুষ কর্তৃক তাহার নিজের পত্নীর সহিত যৌনসঙ্গম, ঐ পত্নীর বয়স পনের বৎসরের কম না হইলে, ধর্ষণ নহে।

৩৭৬। **ধর্ষণের জন্য দণ্ড**—(১) যেকেহ, (২) উপধারা দ্বারা ব্যবস্থিত ক্ষেত্রসমূহ ব্যতীত, ধর্ষণ সংঘটিত করে, সে সাত বৎসরের কম হইবে না কিন্তু যাবজ্জীবন হইতে পারে এরূপ মেয়াদের অথবা দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে যদি না ঐ ধর্ষিতা নারী তাহার নিজের পত্নী হয় এবং বার বৎসরের কম বয়স্কা না হয়, এবং যেক্ষেত্রে সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবে ঃ

তবে, আদালত, পর্যাপ্ত ও বিশেষ কারণে, যাহা ঐ রায়ে উল্লেখ করিতে হইবে, সাত বৎসরের কম মেয়াদের কারাবাসের দণ্ডাদেশ দিতে পারিবেন।

(২) যেকেহ,—

(ক) কোন পুলিশ আধিকরিক হইয়া ধর্ষণ সংঘটিত করে—

(i) যে থানায় সে নিযুক্ত সেই থানার সীমার মধ্যে বা

(ii) যে থানায় সে নিযুক্ত সেই থানায় অবস্থিত হউক বা না হউক এরূপ কোন থানার ঘরবাড়িতে ; বা

(iii) তাহার অভিরক্ষায় বা তাহার অধীন কোন পুলিশ আধিকারিকের অভিরক্ষায় স্থিত কোন নারীর উপর ধর্ষণ সংঘটিত করে ; অথবা

(খ) কোন লোক কৃত্যকারী হইয়া তাহার পদীয় অবস্থিতির সুবিধা লয় এবং ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাহার অভিরক্ষায় বা তাহার অধীন কোন লোক কৃত্যকারীর অভিরক্ষায় স্থিত কোন নারীর উপর ধর্ষণ সংঘটিত করে ; অথবা

(গ) তৎসময়ে বলবৎ কোন বিধি দ্বারা বা অনুযায়ী স্থাপিত কোন জেল, পুনঃপ্রেরণ আবাস বা অন্য অভিরক্ষা স্থানের অথবা কোন নারী বা শিশু প্রতিষ্ঠানের পরিচালকবর্গের বা কর্মিবর্গের একজন হইয়া তাহার পদীয় অবস্থিতির সুবিধা লয় এবং ঐরূপ জেল, পুনঃপ্রেরণ আবাস, স্থান বা প্রতিষ্ঠানের কোন আবাসিকের উপর ধর্ষণ সংঘটিত করে ; অথবা

(ঘ) কোন হাসপাতালের পরিচালকবর্গের বা কর্মিবর্গের একজন হইয়া তাহার পদীয় অবস্থিতির সুবিধা লয় এবং ঐ হাসপাতালে কোন নারীর উপর ধর্ষণ সংঘটিত করে ; অথবা

(ঙ) কোন নারীকে গর্ভবতী জানিয়াও ঐ নারীর উপর ধর্ষণ সংঘটিত করে ; অথবা

(চ) বার বৎসরের কম বয়স্কা কোন নারীর উপর ধর্ষণ সংঘটিত করে ; অথবা

(ছ) গণধর্ষণ সংঘটিত করে,

সে দশ বৎসরের কম হইবে না কিন্তু যাবজ্জীবন হইতে পারে এরূপ মেয়াদের সশ্রম কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাদধীন হইবে ঃ

তবে, আদালত, পর্যাপ্ত ও বিশেষ কারণে, যাহা ঐ রায়ে উল্লেখ করিতে হইবে, দশ বৎসরের কম মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসের দণ্ডাদেশ দিতে পারিবেন।

**ব্যাখ্যা ১**—যেক্ষেত্রে কোন নারী, কোন একদল ব্যক্তির এক বা একাধিক কর্তৃক, তাহাদের অভিন্ন অভিপ্রায়ের অগ্রনয়নে, ধর্ষিতা হয়, সেক্ষেত্রে ঐ ব্যক্তিগণের প্রত্যেকেই, এই ধারার অর্থে গণধর্ষণ সংঘটিত করিয়াছে বলিয়া গণ্য হইবে।

**ব্যাখ্যা ২**—"নারী বা শিশু প্রতিষ্ঠান" বলিতে এরূপ কোন প্রতিষ্ঠান বুঝায় যাহা নারী বা শিশুদের গ্রহণ ও তত্ত্বাবধানের জন্য স্থাপিত ও রক্ষিত, তাহা কোন অনাথ আশ্রম নামে বা অবহেলিত নারী বা শিশু আবাস নামে বা বিধবা আবাস নামে বা অন্য যেকোন নামে অভিহিত হউক।

**ব্যাখ্যা ৩**—"হাসপাতাল" বলিতে হাসপাতালের চতুঃসীমা বুঝায় এবং উহা স্বাস্থ্য উদ্ধারকালে কোন ব্যক্তিকে অথবা চিকিৎসা, পরিচর্যা বা পুনর্বাসন প্রয়োজন এমন ব্যক্তিকে গ্রহণ ও চিকিৎসা করণার্থ কোন প্রতিষ্ঠানের চতুঃসীমাও অন্তর্ভুক্ত করে।

৩৭৬ক। **পৃথক থাকাকালে কোন পুরুষ কর্তৃক তাহার পত্নীর সহিত সঙ্গম**—যেকেহ তাহার নিজের পত্নীর সহিত, যে পৃথককরণের কোন ডিক্রীর অধীনে বা কোন রীতি বা প্রথার অধীনে ঐ পুরুষের নিকট হইতে পৃথকভাবে বাস করিতেছে, তাহার সম্মতি ব্যতিরেকে যৌন সঙ্গম করে, সে দুই বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৭৬খ। **লোক কৃত্যকারী কর্তৃক তাহার অভিরক্ষায় স্থিত কোন নারীর সহিত সঙ্গম**—যেকেহ লোক কৃত্যকারী হইয়া তাহার পদীয় অবস্থিতির সুযোগ লয় এবং ঐরূপ লোক কৃত্যকারীরূপে তাহার অভিরক্ষায় বা তাহার অধীন কোন লোক কৃত্যকারীর অভিরক্ষায় স্থিত কোন নারীকে তাহার সহিত যৌন সঙ্গমে লিপ্ত হইতে প্ররোচিত বা সংলুব্ধ করে, ঐরূপ যৌন সঙ্গম ধর্ষণের অপরাধের পর্যায়ভুক্ত না হওয়ায়, সে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

৩৭৬গ। **জেল, পুনঃপ্রেরণ আবাস ইত্যাদির অধীক্ষক কর্তৃক সঙ্গম**—যেকেহ তৎসময়ে বলবৎ কোন বিধি দ্বারা বা অনুযায়ী স্থাপিত কোন জেল, পুনঃপ্রেরণ আবাস বা অভিরক্ষা স্থানের বা কোন নারী বা শিশু প্রতিষ্ঠানের অধীক্ষক বা পরিচালক হইয়া, তাহার পদীয় অবস্থিতির সুযোগ লয় এবং ঐরূপ জেল, পুনঃপ্রেরণ আবাস, স্থান বা প্রতিষ্ঠানের কোন নারী নিবাসীকে তাহার সহিত যৌন সঙ্গমে লিপ্ত হইতে প্ররোচিত বা সংলুব্ধ করে, ঐরূপ যৌন সঙ্গম ধর্ষণের অপরাধের পর্যায়ভুক্ত না হওয়ায়, সে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা ১**—কোন জেল, পুনঃপ্রেরণ আবাস বা অভিরক্ষা স্থান অথবা কোন নারী বা শিশু প্রতিষ্ঠান সম্পর্কে "অধীক্ষক" শব্দটি এরূপ কোন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে যে ব্যক্তি ঐরূপ জেল, পুনঃপ্রেরণ আবাস, স্থান বা প্রতিষ্ঠানে এরূপ অন্য কোন পদে অধিষ্ঠিত থাকে যাহার বলে সে উহার নিবাসিগণের উপর কোন প্রাধিকার বা নিয়ন্ত্রণ প্রয়োগ করিতে পারে।

**ব্যাখ্যা ২**—"নারী বা শিশু প্রতিষ্ঠান"-এর সেই একই অর্থ থাকিবে উহার যে অর্থ ৩৭৬ ধারার (২) উপধারার ব্যাখ্যা ২-এ আছে।

৩৭৬ঘ। **কোন হাসপাতালের পরিচালকবর্গের বা কর্মিবর্গের কোন সদস্য কর্তৃক ঐ হাসপাতালে কোন নারীর সহিত সঙ্গম**—যেকেহ কোন হাসপাতালের পরিচালকবর্গের বা কোন হাসপাতালের কর্মিবর্গের একজন হইয়া তাহার অবস্থিতির সুযোগ লয় এবং ঐ হাসপাতালে কোন নারীর সহিত যৌন সঙ্গমে লিপ্ত হয়, ঐরূপ যৌন সঙ্গম ধর্ষণের অপরাধের পর্যায়ভুক্ত না হওয়ায়, সে পাঁচ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যে-কোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

**ব্যাখ্যা**—"হাসপাতাল" কথাটির সেই একই অর্থ থাকিবে উহার যে অর্থ ৩৭৬ ধারার (২) উপধারার ব্যাখ্যা ৩-এ আছে।]

### অস্বাভাবিক অপরাধ বিষয়ে

৩৭৭। **অস্বাভাবিক অপরাধ**—যেকেহ কোন পুরুষ, নারী বা জীবজন্তুর সহিত প্রকৃতির নিয়মের বিরুদ্ধে স্বেচ্ছাকৃতভাবে দেহজ সঙ্গম করে, সে দশ বৎসর পর্যন্ত প্রসারিত হইতে পারে এরূপ মেয়াদের দুই প্রকারের যেকোন একপ্রকার কারাবাসে দণ্ডিত হইবে এবং জরিমানারও দায়িতাধীন হইবে।

ব্যাখ্যা—এই ধারায় বর্ণিত অপরাধের জন্য আবশ্যক দেহজ সঙ্গম হইবার পক্ষে প্রবেশনই পর্যাপ্ত।

## অধ্যায় ১৭

### সম্পত্তির বিরুদ্ধে অপরাধ বিষয়ে

### চুরি বিষয়ে

৩৭৮। **চুরি**—যেকেহ কোন ব্যক্তির দখল হইতে ঐ ব্যক্তির সম্মতি ব্যতিরেকে কোন অস্থাবর সম্পত্তি অসাধুভাবে লইবার অভিপ্রায়ে, ঐ সম্পত্তি ঐরূপে লইবার উদ্দেশ্যে সরায়, সে চুরি সংঘটিত করিয়াছে বলা হয়।

ব্যাখ্যা ১—যতক্ষণ পর্যন্ত কোন বস্তু ভুবদ্ধ থাকে, ঐ বস্তু অস্থাবর সম্পত্তি না হওয়ায় উহা চুরির বিষয় হয় না কিন্তু যখনই উহা ভূমি হইতে বিচ্ছিন্ন হয় তখনই উহা চুরির বিষয় হইবার যোগ্য হইয়া উঠে।

ব্যাখ্যা ২—যে কার্য বিচ্ছিন্ন করে সেই একই কার্য দ্বারা সরানো চুরি হইতে পারে।

ব্যাখ্যা ৩—কোন ব্যক্তি কোন বস্তু সরায় তখন বলা হয় যখন সে এরূপ কোন বাধা অপসারিত করে যাহা ঐ বস্তুকে সরানো হইতে নিবারিত করিয়াছিল বা যখন সে ঐ বস্তুকে অন্য কোন বস্তু হইতে পৃথক করে তথা উহা প্রকৃতপক্ষে সরায়।

ব্যাখ্যা ৪—যে ব্যক্তি কোনও উপায়ে কোন জীবজন্তুকে অবস্থানচ্যুত করে সে ঐ জীবজন্তুকে সরাইয়াছে বলা হয় এবং ইহাও বলা হয় যে সে এরূপ প্রতিটি বস্তুকে অবস্থানচ্যুত করিয়াছে যাহা ঐরূপে ঘটানো গতির পরিণামে ঐ জীবজন্তু দ্বারা সরানো হইয়াছে।

ব্যাখ্যা ৫—সংজ্ঞায় উল্লিখিত সম্মতি ব্যক্ত বা বিবক্ষিত হইতে পারে এবং হয় উহা দখলকারী ব্যক্তি কর্তৃক অথবা এরূপ কোন ব্যক্তি যাহার তদুদ্দেশ্যে হয় ব্যক্ত অথবা বিবক্ষিত প্রাধিকার আছে তৎকর্তৃক প্রদত্ত হইতে পারে।

#### দৃষ্টান্ত

(ক) ক, য-এর সম্মতি ব্যতিরেকে য-এর দখল হইতে কোন বৃক্ষ অসাধুভাবে লইবার অভিপ্রায়ে, য-এর ভূমিস্থিত ঐ বৃক্ষ কাটিয়া ফেলে। এস্থলে, যখনই ক ঐরূপে লইবার উদ্দেশ্যে বৃক্ষটিকে বিচ্ছিন্ন করিয়াছে তখনই সে চুরি সংঘটিত করিয়াছে।

(খ) ক তাহার পকেটের মধ্যে কুকুরের জন্য একটি টোপ রাখে এবং এইভাবে য-এর কুকুরকে উহা অনুসরণ করিবার জন্য প্ররোচিত করে। এস্থলে, যদি য-এর সম্মতি ব্যতিরেকে য-এর দখল হইতে ঐ কুকুরটিকে অসাধুভাবে লওয়া ক-এর অভিপ্রায় হয়, তাহা হইলে, যখনই য-এর কুকুর ক-কে অনুসরণ করিতে আরম্ভ করিয়াছে তখনই ক চুরি সংঘটিত করিয়াছে।

(গ) ক একটি বলদকে এক বাক্স ধনসম্পদ বহন করিয়া লইয়া যাইতে দেখে। সে ঐ বলদটিকে কোন বিশেষ দিকে চালাইয়া দেয় যাহাতে সে ঐ ধনসম্পদ অসাধুভাবে লইতে পারে। যখনই বলদটি চলিতে আরম্ভ করে তখনই ক ঐ ধনসম্পদ চুরি সংঘটিত করিয়াছে।

(ঘ) ক, য-এর চাকর এবং য কর্তৃক য-এর থালা দেখাশুনার ভার তাহার উপর ন্যস্ত, য-এর সম্মতি ব্যতিরেকে ঐ থালা লইয়া অসাধুভাবে পলায়ন করে। ক চুরি সংঘটিত করিয়াছে।

(ঙ) য ভ্রমণে যাইবার সময়ে তাহার প্রত্যাবর্তন পর্যন্ত তাহার থালা কোন গুদামরক্ষক ক-এর নিকট গচ্ছিত রাখে। ক ঐ থালা কোন স্বর্ণকারের নিকট লইয়া যায় এবং উহা বিক্রয় করে। এস্থলে ঐ থালা য-এর দখলে ছিল না, অতএব উহা য-এর দখল হইতে লওয়া যাইত না এবং ক চুরি সংঘটিত করে নাই, যদিও সে আপরাধিক বিশ্বাসভঙ্গ সংঘটিত করিয়া থাকিতে পারে।